আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

তারপর যদি তারা গ্রহণ না করে, তাহলে প্রমাদ সৃষ্টিকারীদেরকে আল্লাহ জানেন।

সূরা আল ইমরান ৬৩

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ রবিবার ॥ ০৯ আগস্ট ২০২৬ ॥ ২৫ সফর ১৪৪৮ ॥ ২৫ শ্রাবণ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৬৬ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

সবার সম্মিলিত প্রচেষ্টায় সুন্দর বাংলাদেশ গড়তে চাই: প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

সবার সম্মিলিত প্রচেষ্টায় একটি সুন্দর ও উন্নত বাংলাদেশ গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। ২ এর পাতায় দেখুন

'হাসিনা কার্ড' খেলবেন আবার বন্ধুত্বও চাইবেন, দুটো একসঙ্গে চলতে পারে না

কীর্তনখোলা ডেস্ক

ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ভারতে বসে বারবার বক্তব্য দেওয়ার সুযোগ দেওয়ায় দেশটির সমালোচনা করেছেন ২ এর পাতায় দেখুন



জনগণের অধিকার নিশ্চিত হলেই জুলাই শেষ হবে: জামায়াত আমির

কীর্তনখোলা ডেস্ক

জনগণের অধিকার ও জুলাই গণ-অভ্যুত্থানের আকাঙ্ক্ষা পূরণ না হওয়া পর্যন্ত জুলাই শেষ হবে না বলে মন্তব্য করেছেন ২ এর পাতায় দেখুন

হাসিনার আমলে একটি অমানবিক রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়েছিল: চিফ প্রসিকিউটর

কীর্তনখোলা ডেস্ক

শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের আমলে একটি অমানবিক রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়েছিল বলে মন্তব্য করেছেন আন্তর্জাতিক ২ এর পাতায় দেখুন

বরিশালে স্কুল ফিডিংয়ে পচা কলা, বাসি ডিম

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল বিভাগের আট উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের টিফিনে পুষ্টিকর খাবার বিতরণে অনিয়মের অভিযোগ উঠেছে। কর্মসূচির আওতায় প্রতিদিন রুটি, বিস্কুট, ডিম, কলা ও দুধের মধ্যে অন্তত দুটি খাবার দেওয়ার কথা থাকলেও নিয়মিত তা দেওয়া হচ্ছে না। কোথাও দেওয়া হচ্ছে কাঁচা বা অতিরিক্ত পাকা কলা, আবার কোথাও আগের দিন সিদ্ধ করা ডিম। নিম্নমানের খাবার খেতে না পেরে অনেক শিক্ষার্থী তা ফেলে দিচ্ছে বলে অভিযোগ করেছেন শিক্ষক ও অভিভাবকেরা। শুধু খাবারের মান নয়, সরবরাহের সময় নিয়েও অভিযোগ রয়েছে। অনেক বিদ্যালয়ে দুপুর ২টার পর খাবার পৌঁছানোয় প্রথম শিফটের শিক্ষার্থীরা তা থেকে বঞ্চিত হচ্ছে। কোনো কোনো বিদ্যালয়ে এক দিন খাবার সরবরাহের পর পরদিন সরবরাহ বন্ধ রাখার ঘটনাও ঘটছে। এ নিয়ে শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকদের মধ্যে ক্ষোভ দেখা দিয়েছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সূত্রে জানা যায়, গত বছরের ১৭ নভেম্বর থেকে 'সরকারি প্রাথমিক বিদ্যালয় ফিডিং কর্মসূচি'র কার্যক্রম শুরু হয়েছে। তিন বছর মেয়াদি এ কর্মসূচির আওতায় বরিশাল বিভাগের আটটি উপজেলা রয়েছে। শিক্ষার্থীদের সঙ্গে কথা বলে জানা গেছে, কখনো কাঁচা আবার কখনো অতিরিক্ত পাকা কলা দেওয়া হয়। ডিম আগের দিন সিদ্ধ করে রাখারও অভিযোগ রয়েছে। এ ধরনের খাবার শিশুরা খেতে চায় না। অনেক সময় দুপুর ২টার পর খাবার সরবরাহ করা হয়। ফলে প্রথম শিফটে থাকা শিক্ষার্থীদের একটি অংশ খাবার না পেয়েই বাড়ি ফিরে যায়। কর্মসূচির আওতাভুক্ত বিদ্যালয়গুলোতে এখনো দুধ ও বিস্কুট সরবরাহ করা হয়নি বলেও অভিযোগ রয়েছে। নিয়ম অনুযায়ী, সপ্তাহে নির্দিষ্ট দিনে রুটি ও দুধ এবং সার্টিফায়েড বিস্কুট ও কলা দেওয়ার নির্দেশনা রয়েছে। তবে বাস্তবে কোনো কোনো বিদ্যালয়ে এসবের পরিবর্তে শুধু রুটি ও কলা দেওয়া হচ্ছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ২ এর পাতায় দেখুন

পাঁচদিনের আবহাওয়ার বার্তা

বৃষ্টি ও তাপমাত্রা দুটোই বাড়ার পূর্বাভাস

কীর্তনখোলা ডেস্ক

দেশের আট বিভাগেই আগামী পাঁচ দিন হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। কিছু কিছু স্থানে নামতে পারে ভারী বর্ষণ। একই সময়ে সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা সামান্য বাড়ার আভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। শনিবার (৮ আগস্ট) বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ মো. তরিফুল নেওয়াজ কবিরের দেওয়া পূর্বাভাসে এ তথ্য জানানো হয়। আবহাওয়া অফিস জানায়, আগামীকাল সকাল ৯টার মধ্যে রংপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে। একই সঙ্গে সারাদেশে দিন ২ এর পাতায় দেখুন

বরিশালে নতুন পুলিশ কমিশনারের যোগদান উপলক্ষ্যে মতবিনিময়

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল মেট্রোপলিটন পুলিশের (বিএমপি) নতুন কমিশনার আবু রায়হান মুহাম্মদ সালেহ'র যোগদান উপলক্ষে সাংবাদিকদের সাথে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে নগরীর আইনশৃঙ্খলা পরিস্থিতি, অপরাধ নিয়ন্ত্রণ, জননিরাপত্তা ও পুলিশের সঙ্গে গণমাধ্যমের সমন্বয় নিয়ে আলোচনা হয়। মিট দ্য প্রেসে সাংবাদিকরা বরিশাল নগরীর সার্বিক নিরাপত্তা, মাদক ও কিশোর অপরাধ নিয়ন্ত্রণ, যানজট নিরসন, চুরি-ছিনতাই প্রতিরোধ এবং সাধারণ মানুষের পুলিশি সেবা নিশ্চিত করার বিষয়ে বিভিন্ন প্রশ্ন ও মতামত তুলে ধরেন। নতুন কমিশনারের দায়িত্ব গ্রহণকে ঘিরে সংশ্লিষ্ট মহলে নগরীর আইনশৃঙ্খলা পরিস্থিতির আরও উন্নতি, অপরাধ দমনে কার্যকর পদক্ষেপ এবং জনবান্ধব পুলিশিং জোরদারের প্রত্যাশা জেগে উঠেছে। স্থানীয় গণমাধ্যমকর্মীরাও পুলিশের কর্মকাণ্ড সম্পর্কে জনগণকে সঠিক ও নির্ভরযোগ্য তথ্য দিতে পারস্পরিক সহযোগিতা অব্যাহত রাখার প্রত্যয় ব্যক্ত করেন। মিট দ্য প্রেসে বিএমপি'র উর্ধতন কর্মকর্তা ২ এর পাতায় দেখুন

শিল্পকলা একাডেমিতে 'মঞ্চমৈত্রী নাট্য ও সাংস্কৃতিক উৎসব

ফজলে রাব্বি, হাতেম আলী কলেজ

'মঞ্চ হোক মিলনের, শিল্প হোক প্রেরণার' এই প্রতিপাদ্যকে সামনে রেখে বরিশাল জেলা শিল্পকলা একাডেমিতে অনুষ্ঠিত হয়েছে 'মঞ্চমৈত্রী নাট্য ও সাংস্কৃতিক উৎসব-২০২৬'। বরিশাল বিশ্ববিদ্যালয় নাট্যদল ও সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ নাট্যদলের যৌথ উদ্যোগে আয়োজিত এ উৎসবে নাটক ও সাংস্কৃতিক পরিবেশনায় মুখর হয়ে ওঠে শিল্পকলা একাডেমি। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল সিটি করপোরেশনের প্রশাসক এডভোকেট বিলকিস আক্তার জাহান শিরিন। অনুষ্ঠানের উদ্বোধক ছিলেন সরকারি সৈয়দ হাতেম আলী কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃ আখতারুজ্জামান খান। এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল ২ এর পাতায় দেখুন

'মঞ্চমৈত্রী নাট্য ও সাংস্কৃতিক উৎসবে ফটোসেশনে উপস্থিত বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক বিলকিস আক্তার জাহান শিরীন -কীর্তনখোলা

বাজারে কমেছে কাঁচা মরিচের দাম, পেঁয়াজের কেজি ৭০ টাকা

কীর্তনখোলা রিপোর্ট

নগরীর বাজারে আগের তুলনায় কাঁচা মরিচের দাম কিছুটা কমেছে। বর্তমানে মান ও আকারভেদে প্রতি কেজি কাঁচা মরিচ ২৪০ থেকে ২৬০ টাকায় বিক্রি হচ্ছে। এর আগে সরবরাহ সংকট ও অতিবৃষ্টির কারণে কাঁচা মরিচের দাম বেড়ে প্রতি কেজি ৪০০ টাকা পর্যন্ত উঠেছিল। পরে ভারত থেকে কাঁচা মরিচ আমদানি শুরু হওয়া এবং বাজারে সরবরাহ বাড়ায় দাম কমতে শুরু করে। তবে কাঁচা মরিচের দাম কমলেও পেঁয়াজের বাজারে খুব একটা স্বস্তি নেই। আকার ও মানভেদে প্রতি কেজি পেঁয়াজ ৫০ থেকে ৭০ টাকা পর্যন্ত দরে বিক্রি হচ্ছে। শনিবার (৮ আগস্ট) দুপুরে বরিশাল নগরীর ২ এর পাতায় দেখুন

বাংলাদেশিকে বিএসএফ ধরে নিয়ে যাওয়ার জেরে ভারতীয়কে আটক করলেন স্থানীয়রা

কীর্তনখোলা ডেস্ক

পঞ্চগড় সদর উপজেলার সাতমেরা সীমান্তে এক বাংলাদেশি বৃদ্ধকে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) ধরে নিয়ে যাওয়ার ঘটনার জেরে এক ভারতীয় নাগরিককে ধরে নিয়ে এসেছেন স্থানীয়রা। শনিবার সকালে কাঁটাতারের বেড়া পার হয়ে বাংলাদেশ অংশে প্রবেশ করলে ভারতীয় নাগরিককে ধরে বিরাজোত এলাকায় নিয়ে আসেন স্থানীয়রা। ভারতীয় ওই নাগরিকের নাম দীপঙ্কর গোপ (৩০)। তিনি ভারতের জলপাইগুড়ি জেলার রাজগঞ্জ থানার চাউলহাটি তশনপাড়া এলাকার মিশ্রিলাল গোপের ছেলে বলে জানা গেছে। স্থানীয়রা জানান, শনিবার সকালে দীপঙ্কর গোপ কাঁটাতারের বেড়ার ওপাশের একটি চা-বাগানে কাজ করতে আসেন। একপর্যায়ে তিনি বাংলাদেশ অংশে প্রবেশ করলে স্থানীয়রা তাঁকে ধরে বিরাজোত এলাকায় ২ এর পাতায় দেখুন

বঙ্গোপসাগরে এক ট্রলারে ধরা পড়লো ৪৬ মণ ইলিশ

প্রায় অর্ধকোটি টাকায় বিক্রি

কুয়াকাটা প্রতিনিধি

পটুয়াখালীর কুয়াকাটা সংলগ্ন বঙ্গোপসাগরে একটি মাছধরা ট্রলারের জালে ধরা পড়েছে ৪৬ মণ ইলিশ। নিলামে এসব ইলিশ বিক্রি হয়েছে প্রায় ৪৮ লাখ ৫০ হাজার টাকায়, যা দীর্ঘদিন পর জেলেদের মধ্যে আনন্দের সঞ্চার করেছে। জানা যায়, গত ৬ আগস্ট পায়রা সমুদ্রবন্দরের শেষ বয়া সংলগ্ন গভীর সাগরে এফবি জুনাইদ নামের একটি মাছধরা ট্রলারে আলমগীর মাঝির জালে বিপুল ইলিশ ধরা পড়ে। শুক্রবার (৭ আগস্ট) দুপুরে ট্রলারটি মাছ নিয়ে মহিপুর মৎস্য বন্দরে পৌঁছালে মনোয়ারা ফিশ আড়তে নিলামের মাধ্যমে মাছগুলো বিক্রি করা হয়। আড়ত সূত্রে জানা গেছে, এক কেজি বা তার বেশি ওজনের ২৪ মণ ইলিশ প্রতি মণ ১ লাখ ১৫ হাজার টাকা (প্রতি কেজি ২,৮৭৫ টাকা) দরে বিক্রি হয়ে ২৭ লাখ ৬০ হাজার টাকা পাওয়া যায়। এছাড়া ৮০০ থেকে ৯০০ গ্রাম ওজনের ২২ মণ ইলিশ প্রতি মণ ৯৫ হাজার টাকা দরে প্রতি কেজি ২ হাজার ৩৭৫ টাকা হারে বিক্রি হয়েছে ২০ লাখ ৯০ হাজার টাকায়। সব মিলিয়ে ৪৬ মণ ইলিশ বিক্রি হয়েছে ৪৮ লাখ ৫০ হাজার টাকায়। ট্রলারের মাঝি আলমগীর বলেন, প্রায় পাঁচ বছর পর একসঙ্গে এত বড় চালানের ইলিশ ২ এর পাতায় দেখুন



খেলার মাঠে কচু গাছ রোপণ করে শিক্ষার্থীদের ভিন্নধর্মী প্রতিবাদ

আজিজুল হাকিম সামি, বিএম কলেজ

সরকারি বিএম কলেজের বানিজ্য ভবন মাঠে কচু গাছ রোপণ করে ভিন্নধর্মী প্রতিবাদ প্রকাশ করেছেন কলেজের একঝাঁক শিক্ষার্থী। শনিবার (৮ আগষ্ট) বিকেলে কয়েকজন শিক্ষার্থী ক্যাম্পাসের বানিজ্য ভবন মাঠে কচু গাছ রোপণ করে এই ব্যতিক্রমী প্রতিবাদ কর্মসূচি পালন করেন। শিক্ষার্থীদের সাথে কথা বলে জানা যায়, গত ২০২৫ সালে ক্যাম্পাস সংস্কারের দাবিতে তারা ৫ দফা দাবি নিয়ে আন্দোলন করলে কলেজ প্রশাসন কতৃক দাবি পূরণের আশ্বাস দেওয়া হয়। যার মধ্যে অন্যতম দুটি দাবি ছিল জলাবদ্ধতা নিরসন করা ও ড্রেজিং করে বালু দিয়ে মাঠ ভরাট করা। যাতে শিক্ষার্থীরা নিয়মিত খেলাধুলা করতে পারে। কিন্তু বছর পেরিয়ে যাওয়ার পরও দাবি বাস্তবায়ন না হওয়ায় শিক্ষার্থীরা ক্ষুব্ধ হয়ে দ্বিতীয় দফায় গত মে মাসে উক্ত দুটি দফা সহ ১০ দফা আন্দোলন করে। এরপরও জলাবদ্ধতা নিরসন করা ও বালু দিয়ে মাঠ ভরাট করে শিক্ষার্থীদের খেলার ব্যাবস্থা না করায় শিক্ষার্থীরা ক্ষুব্ধ হয়ে আজ এই ব্যাতিক্রমধর্মী প্রতিবাদ করেন বলে জানান। খেলার মাঠে কচু গাছ রোপণের ২ এর পাতায় দেখুন

আজ ভীমরুলির পেয়ারা বাগান পরিদর্শনে আসছেন মার্কিন রাষ্ট্রদূত

ঝালকাঠি প্রতিনিধি

বাংলাদেশে নিযুক্ত মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত ব্রেন্ট টি. ক্রিস্টেনসেন রোববার (৯ আগস্ট) ঝালকাঠির ভীমরুলি পেয়ারা বাগান ও ভাসমান পেয়ারা হাট পরিদর্শনে আসছেন। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, রোববার সকাল ৯টার দিকে রাষ্ট্রদূত ভীমরুলিতে পৌঁছাবেন। সেখানে তিনি পেয়ারা বাগান ঘুরে দেখার পাশাপাশি স্থানীয় চাষি ও ব্যবসায়ীদের সাথে কথা বলবেন। এ সময় ঐতিহ্যবাহী ভাসমান ২ এর পাতায় দেখুন

নারীকে শ্লীলতাহানি করে যুবদল কর্মীর ভিডিও ধারণের অভিযোগ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের গৌরনদীতে এক নারীকে শ্লীলতাহানি করে ভিডিও ধারণের অভিযোগ উঠেছে যুবদলের এক কর্মীর বিরুদ্ধে। জানা গেছে, ঘটনাটি গৌরনদী উপজেলার মাহিলাড়া ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ড বিল্বগ্রাম এলাকার। ভিডিও ধারনের অভিযোগ ব্যক্তির নাম মো. শাহিন মৃধা। তিনি মাহিলাড়া ইউনিয়ন যুবদলের সক্রিয় কর্মী। তবে ভিডিওটি কতদিন আগের বা কোথায় বসে ধারণ করা হয়েছে তা যাচাই করা যায়নি। স্থানীয়রা জানিয়েছেন, গত একমাস পূর্বে যুবদল কর্মী শাহীন ও তার সহযোগীরা বিল্বগ্রাম এলাকার একটি বসতঘরের মধ্যে ওই নারীকে এক ছেলের সঙ্গে আটক করেন। পরে ওই নারীকে যৌন হেনস্তার পাশাপাশি ভিডিও ধারণ করা হয়। সেই ঘটনাকে বা কারা সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে দিয়েছে। ভিডিওতে দেখা যায়, শ্লীলতাহানির পর এক নারী নিজের ওড়না দিয়ে লজ্জা নিবারণের জন্য চেষ্টা করছেন। আর যুবদলের ওই কর্মী এক হাতে মোবাইল নিয়ে ভিডিও ধারণ এবং অন্য হাতে ওই নারীর শরীরের ওড়না সরিয়ে দিচ্ছেন। ভিডিওতে ওই নারীকে যৌন ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

কৃষকবান্ধব পদক্ষেপ নিন

কৃষিনির্ভর বাংলাদেশে কৃষকের সমস্যা-সংকটের যেন অন্ত নেই। দিনে দিনে কৃষি খাতে নানা সুফল এলেও কৃষকের ভাগ্যের তেমন পরিবর্তন হয়নি। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) সর্বশেষ জরিপেও এমন হতাশাজনক চিত্র উঠে এসেছে। দেখা গেছে, উৎপাদন যে হারে বেড়েছে, সেই অনুযায়ী কৃষকের আয় বাড়েনি। এতে কৃষকসমাজ যে দুর্বিপাকে ছিল, সেখানেই রয়ে গেছে। জরিপের বরাত দিয়ে জানিয়েছে, দেশের খাদ্য নিরাপত্তার দিক থেকে সবচেয়ে ভরসার জায়গা হলেন ক্ষুদ্র কৃষক। দেশের মোট খাদ্য উৎপাদনের অর্ধেকের বেশি তাঁদের হাতে, অথচ আয়, জমির মালিকানা, জীবনমানসহ প্রায় সব সূচকেই তাঁরা বড় কৃষকদের তুলনায় অনেক পিছিয়ে। বিশেষজ্ঞরা বলছেন, এই ব্যবধান ২০৩০ সালের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনের পথে বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়াতে পারে। গত মঙ্গলবার প্রকাশিত বিবিএসের 'সার্ভে অন ইনকাম অ্যান্ড প্রোডাক্টিভিটি অব স্মল-স্কেল ফুড প্রডিউসার্স ২০২৫' জরিপের উদ্দেশ্য ছিল 'ক্ষুদ্র খাদ্য উৎপাদনকদের শ্রম উৎপাদনশীলতা' এবং 'ক্ষুদ্র খাদ্য উৎপাদনকদের গড় আয়ের' পরিমাপ যাচাই করা। এই জরিপে দেশের আট বিভাগের ফসল, বনায়ন, প্রাণিসম্পদ, মৎস্যসহ পাঁচটি কৃষি খাতের ১২ হাজার ৮৭৯টি খামার পরিবারের তথ্য বিশ্লেষণ করা হয়েছে। জরিপের ফল বলছে, দেশের মোট খাদ্য উৎপাদনকদের ৫৩.৬৫ শতাংশই ক্ষুদ্র কৃষক। জাতীয় পর্যায়ে শ্রম দিবসপ্রতি গড় উৎপাদনশীলতা এক হাজার ৪৮৮ টাকা। কিন্তু ক্ষুদ্র কৃষকদের ক্ষেত্রে এই অঙ্ক মাত্র এক হাজার ৪৯৪ টাকা, অন্যদিকে বড় কৃষকদের ক্ষেত্রে সেটি দুই হাজার ৩০১ টাকা। জমির মালিকানার ক্ষেত্রেও একই বৈষম্য বিদ্যমান। তবে বহুবর্ষজীবী ফসল, বনায়নের মতো কিছু ক্ষেত্রে ক্ষুদ্র কৃষকরা বড় কৃষকদের থেকে এগিয়ে রয়েছেন। জীবনমানের দিকে লক্ষ করলেও দেখা যায়, প্রায় ৫০ শতাংশ কৃষক পরিবারের ঘরের মেঝে এখনো মাটির। এলপিজি ব্যবহারকারী পরিবারের হার মাত্র ৫.৭ শতাংশ। এ ছাড়া কৃষক পরিবারের সদস্যদের মধ্যে ১৭ শতাংশের কোনো প্রাতিষ্ঠানিক শিক্ষা নেই। আমাদের কৃষি খাতে নির্মম বাস্তবতা হলো, দেশের কৃষক মাথার ঘাম পায়ে ফেলে উৎপাদন করেন ঠিকই, কিন্তু নিজের উৎপাদিত পণ্যের মূল্য নির্ধারণের ক্ষমতা তাঁর হাতে থাকে না। বিশেষ করে ক্ষুদ্র কৃষকরা ঋণ করে অন্যের জমিতে চাষ করে ফসল ফলান, শেষ পর্যন্ত বাজারে গিয়ে দেখেনড় উৎপাদন খরচও উঠছে না। কম দামে ফসল বেচতে বাধ্য হন। তাই ভাগ্যের চাকাও আর ঘোরে না। আমরা মনে করি, দেশের খাদ্য উৎপাদনের মূল চালিকাশক্তি ক্ষুদ্র কৃষকের আয় বাড়াতে সরকারকে সমন্বিত পদক্ষেপ নিতে হবে। দেশের প্রচলিত বাজারকাঠামোর আমূল সংস্কার করতে হবে। সর্বোপরি ২০৩০ সালের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে কার্যকর ও লক্ষ্যভিত্তিক নীতি সহায়তার প্রয়োজন।

হাসিনার আমলে একটি অমানবিক

অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। তিনি বলেন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কিছু সদস্য সরকারের অসৎ উদ্দেশ্য বাস্তবায়নে দেশের বিভিন্ন স্থানে 'আয়নাঘর' বা নির্যাতনকেন্দ্র প্রতিষ্ঠা করেছিলেন। শনিবার (৮ আগস্ট) গুমের অভিযোগে করা মানবতাবিরোধী অপরাধের মামলার তদন্ত ও বিচারের অংশ হিসেবে সংশ্লিষ্ট একটি স্থাপনা পরিদর্শন করেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এর তিন বিচারক, প্রসিকিউশন দল ও আসামিপক্ষের আইনজীবীরা। ট্রাইব্যুনাল-১ এর চেয়ারম্যান বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বে বিচারপতি মো. শফিউল আলম মাহমুদ এবং বিচারক মো. মোহিতুল হক এনাম চৌধুরী স্থাপনাটি পরিদর্শন করেন। এ সময় তাদের সঙ্গে ছিলেন প্রসিকিউশন ও আসামিপক্ষের আইনজীবী এবং সিনিয়র সাংবাদিক মতিউর রহমান চৌধুরী। প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর ডিজিএফআইয়ের পরিচালিত জয়েন্ট ইন্টারোগেশন সেন্টার বা জেআইসিতে বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমানকেও আটক রেখে নির্যাতন করা হয়েছিল বলেও জানান তিনি। তিনি বলেন, বিগত সেনা সমর্থিত সরকারের সময় তারেক রহমানকে জেআইসির একটি কক্ষে নেওয়া হয়েছিল। তার ওপর নির্যাতন করা হয়েছিল। পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। চিফ প্রসিকিউটরের ভাষ্য অনুযায়ী, ট্রাইব্যুনালে সাক্ষীদের দেওয়া বর্ণনা এবং তদন্ত সংস্থার তদন্তে তারেক রহমানকে জেআইসিতে নেওয়া ও সেখানে নির্যাতনের বিষয়ে তথ্য পাওয়া যায়। তিনি বলেন, ডিজিএফআই কমপ্লেক্সের ভেতরে থাকা জয়েন্ট ইন্টারোগেশন সেন্টার বা জেআইসি ছিল গোপন বন্দিশালা আয়নাঘরগুলোর একটি, যেখানে মানুষকে আটক রেখে নির্যাতন করা হতো। আমিনুল ইসলাম বলেন, পরিদর্শনের সময় বিচারকেরা এমন একটি স্থাপনার বাস্তব চিত্র দেখেছেন, যেখানে মানুষকে দিনের পর দিন, মাসের পর মাস এমনকি বছরের পর বছর বন্দি করে রাখা হয়েছিল। অমানবিকভাবে বন্দিদের ধরে এনে দিনের পর দিন, মাসের পর মাস, বছরের পর বছর রাখা হয়েছে। সেই নির্মম চিত্র আজ পরিদর্শনের মধ্যদিয়ে কিছুটা অনুভব করা যায়। চিফ প্রসিকিউটর বলেন, ব্রিগেডিয়ার জেনারেল আবদুল্লাহিল আমান আযমীসহ বিভিন্ন ব্যক্তিকে এ জেআইসিতে রাখা হয়েছিল এবং তাদের ওপর নির্যাতন করা হয়েছে। তিনি আরও উল্লেখ করেন, বর্তমান সংসদ সদস্য হুম্মাম কাদের চৌধুরীকেও সেখানে বন্দি রাখা হয়েছিল। এই ধরনের বন্দিশালার অস্তিত্ব যাতে আর তৈরি না হয়, সে বিষয়ে বর্তমান সরকারের প্রতি আহ্বান জানান আমিনুল ইসলাম। বাংলাদেশে যাতে আর এ রকম কোনো টিএফআই সেল অথবা জেআইসি বা তথাকথিত আয়নাঘর নামে কোনো টর্চার সেল ভবিষ্যতে প্রতিষ্ঠিত না হয়, তিনি বলেন। তিনি আরও বলেন, কেউ অপরাধ করলে তাকে আইনের আওতায় এনে বিচারের মুখোমুখি করতে হবে। তবে কোনো নাগরিক যেন বিচারবহির্ভূত হত্যার শিকার না হন বা আইনশৃঙ্খলা বাহিনীর মাধ্যমে অযথা হয়রানির শিকার না হন, সেটিও নিশ্চিত করা প্রয়োজন। আমিনুল ইসলাম অভিযোগ করেন, শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের আমলে একটি অমানবিক রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়েছিল। তার ভাষ্য, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কিছু সদস্য সরকারের অসৎ উদ্দেশ্য বাস্তবায়নে দেশের বিভিন্ন স্থানে আয়নাঘর বা নির্যাতনকেন্দ্র প্রতিষ্ঠা করেছিলেন।

জনগণের অধিকার নিশ্চিত

জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা শফিকুর রহমান। শনিবার রাজধানীর মিন্টু রোডে বিরোধীদলীয় নেতার সরকারি বাসভবনে 'জুলাই এখনো শেষ হয়নি' শীর্ষক প্রদর্শনী শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব কথা বলেন জামায়াত আমির। জুলাই আকাঙ্ক্ষা পূরণ হয়নি উল্লেখ করে শফিকুর রহমান বলেন, 'জুলাই শেষ হবে সেদিনই, যেদিন জনগণের অধিকার নিশ্চিত হবে। যে জন্য এই আন্দোলন হয়েছিল, যে প্রত্যাশা ও আকাঙ্ক্ষা নিয়ে আন্দোলন হয়েছিল, তা যখন পূরণ হবে, সেদিনই জুলাই সার্থক হবে।' শফিকুর রহমান বলেন, 'সংস্কারের জন্য গঠিত ঐকমত্য কমিশন মাসের পর মাস আলোচনা করে একটি চার্টার তৈরি করেছে। ছোট ছোট বিষয়ে ৩১টি দল একমত হলেও নিজেদের স্বার্থের বিষয় সামনে এলে মতভেদ তৈরি হয়েছে।' তিনি অভিযোগ করেন, এসব মতভেদের বড় অংশ বর্তমান সরকারি দলের পক্ষ থেকেই এসেছে। জামায়াত আমির বলেন, 'আমরা যে দু-একটি বিষয়ে ভিন্নমত দিয়েছি, এটা আমাদের দলের প্রোটেকশনের জন্য নয়, জনগণের প্রোটেকশনের জন্য। সুপ্রিম কোর্টের বিচারপতি কীভাবে নির্ধারিত হবে, নির্বাচন কমিশন কীভাবে গঠিত হবে এসব বিষয়ে আমাদের অবস্থান ছিল, কোনো দলীয় লোক বা দলীয় কর্তৃত্বের মাধ্যমে এগুলো গঠিত হতে পারবে না। নির্দলীয় কমিশনের মাধ্যমে এগুলো হতে হবে।' বিরোধীদলীয় নেতা আরও বলেন, বিএনপিও গণভোটের প্রস্তাব দিয়েছিল এবং জনগণকে বলেছিল, গণভোটে সংখ্যাগরিষ্ঠ মানুষ 'হ্যাঁ' বললে সেই রায় বাস্তবায়ন করতে সবাই বাধ্য থাকবে। কিন্তু নির্বাচন ও সরকার গঠনের পর সেই অবস্থান পরিবর্তন করেছে বলে অভিযোগ করেন তিনি। শফিকুর রহমান বলেন, 'তাঁরা ক্ষমতায় গেলেন, প্রতারণার সুযোগ পেয়ে গেলেন এবার তাঁদের মানসিকতা বদলে গেল। দুইটা শপথ নেওয়ার কথা, একটা নিলেন, আরেকটা নিলেন না। তাঁরা বলছেন, এটা সংবিধানে নেই। সংবিধানে তো ২৬ সালের নির্বাচনও নেই। এটা তো জাতির প্রয়োজনে। উইল অব দ্য পিপল ইজ দ্য সুপ্রিম ল জনগণের অভিপ্রায় হচ্ছে সবচেয়ে বড় আইন।' বর্তমান সরকার গঠনের পরও নতুন বন্দোবস্তের পরিবর্তে একই ধরনের দুর্নীতি ও দলীয়করণ চলছে বলে অভিযোগ করেন জামায়াত আমির। তিনি বলেন, 'এতগুলো মানুষ পঙ্গু হলো, এতগুলো মানুষ আহত হলো, জীবনের ঝুঁকি নিয়ে সবাই আন্দোলনে এল। এগুলোর জন্য কি শুধু একই তরিকার এক দলকে সরিয়ে একই তরিকার আরেক দলকে বসানোর জন্য সবকিছু তৈরি হয়েছিল?' শফিকুর রহমান বলেন, 'সংসদে আমরা প্রতিকার পাইনি, ন্যায়বিচার পাইনি। আপনাদের অধিকার সংসদে তাঁরা মেনে নেয়নি। এখন আপনাদের সঙ্গে নিয়েই সেই অধিকার আদায়ের জন্য আমরা রাজপথে আন্দোলন করব। সেই আন্দোলনে আমরা আছি।' 'জুলাই এখনো শেষ হয়নি' শীর্ষক প্রদর্শনীর উদ্দেশ্য তুলে ধরে জামায়াত আমির বলেন, এটি কোনো সরকারের সফলতার চিত্র তুলে ধরার আয়োজন নয়। বরং যুগে যুগে যারা ফ্যাসিস্ট, স্বৈরাচারী ও কর্তৃত্ববাদী ছিল, তাদের শাসনামলে জনগণ কীভাবে নিগৃহীত ও অত্যাচারিত হয়েছে, তা তুলে ধরা হয়েছে। তিনি বলেন, 'আমাদের প্রত্যাশা কী, জাতির প্রত্যাশা কী, শহীদদের প্রত্যাশা কী, শহীদ পরিবারের প্রত্যাশা কী এগুলো তুলে ধরার জন্য মূলত আমাদের এই আয়োজন।'

হাসিনা কার্ড' খেলবেন আবার

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, শেখ হাসিনার বক্তব্যকে ভারত সমর্থন না করার কথা বললেও তাকে বিশ্বমাধ্যমে কথা বলার সুযোগ দেওয়া এবং বাংলাদেশের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক দুটো একসঙ্গে চলতে পারে না। সালাহউদ্দিন আহমদ আরও বলেন, ভারত কি শেখ হাসিনাকে বারবার মিটিং করতে দেওয়াটা সমর্থন করে? তারপরে ভারত বললো- উনি যা বলেছেন, তার সঙ্গে আমরা (ভারত) নাই। এভাবে কূটনৈতিক সম্পর্ক থাকে না। শনিবার (৮ আগস্ট) দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট হলে আয়োজিত আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। 'জুলাই অভ্যুত্থানের দ্বিতীয় বর্ষপূর্তি উপলক্ষে ফ্যাসিস্ট সরকার পতনে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের ভূমিকা' শীর্ষক এ আলোচনা সভার আয়োজন করে ঢাবি সাদা দল ও ইউট্যাব। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বাংলাদেশের সঙ্গে ভারতের দ্বিপক্ষীয় সম্পর্কে পারস্পরিক নির্ভরশীলতা রয়েছে। এই আন্তঃনির্ভরতাকে শক্তি হিসেবে বাংলাদেশ ভারতের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় রাখতে চায়। তবে সেই সম্পর্ক হতে হবে পারস্পরিক মর্যাদা, সম্মান ও সার্বভৌম সমতার ভিত্তিতে। তিনি বলেন, আমরা কখনো আওয়ামী লীগ হতে পারবো না। আমরা বাংলাদেশের স্বার্থকে সমুন্নত রেখে পারস্পরিক মর্যাদা ও শ্রদ্ধা এবং সার্বভৌম সমতার ভিত্তিতে আপনাদের সঙ্গে সম্পর্ক রাখবো। শেখ হাসিনাকে ঘিরে ভারতের অবস্থান নিয়ে প্রশ্ন তুলে সালাহউদ্দিন আহমদ বলেন, আপনারা 'হাসিনা কার্ড' খেলবেন, আর বাংলাদেশের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক চাইবেন- দুটো বিপরীতমুখী। ভারতের নীতিনির্ধারক ও সরকার বিষয়টি বুঝবে বলে আশা প্রকাশ করি। স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, শেখ হাসিনার সঙ্গে বিএনপি নেতাদের তুলনা করার সুযোগ নেই। তারেক রহমান দীর্ঘদিন লন্ডনে অবস্থান করে সেখানকার আইন মেনে রাজনীতি করেছেন। অন্যদিকে শেখ হাসিনার সঙ্গে তাদের (তারেক রহমান) পার্থক্য হলো, তারা গণতন্ত্রের জন্য সংগ্রাম করতে গিয়ে নির্বাসিত হয়েছেন। তিনি বলেন, শেখ হাসিনার সঙ্গে তাদের আরও পার্থক্য রয়েছে। ভারতের পার্লামেন্টে দেশটির পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর হাসিনা ভারতে আশ্রয় নেওয়ার বিষয়টি উল্লেখ করেছেন এবং হিন্দন বিমানবন্দরে তাকে মন্ত্রী পর্যায়ের একজন ব্যক্তি অভ্যর্থনা জানিয়েছেন। এ বিষয়গুলোও বাংলাদেশের বর্তমান বাস্তবতার সঙ্গে ভিন্ন। শেখ হাসিনার ভারতে অবস্থান ও বিভিন্ন বক্তব্যের প্রসঙ্গ তুলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বাংলাদেশের মানুষের বিরুদ্ধে অস্থিরতা সৃষ্টি এবং গণতান্ত্রিক পরিবেশের বিরুদ্ধে কোনো ধরনের বক্তব্য দেওয়ার অভিযোগ থেকে ভারত তার দায়িত্ব এড়াতে পারে না।

সবার সম্মিলিত প্রচেষ্টায় সুন্দর

তিনি বলেছেন, জুলাই গণঅভ্যুত্থানসহ বিভিন্ন সময়ে দেশের মানুষের আত্মত্যাগের মূল লক্ষ্য ছিল এমন একটি উন্নত বাংলাদেশ গড়ে তোলা, যেখানে মানুষ আরও ভালোভাবে বসবাস করতে পারবেন। শনিবার (৮ আগস্ট) তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে জুলাই ২০২৪-এর গণঅভ্যুত্থানে শহীদ ও গুরুতর আহত ১০ ব্যক্তির পরিবারের সদস্যদের চাকরির নিয়োগপত্র প্রদান অনুষ্ঠানে এ কথা বলেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী বলেন, অনুষ্ঠানে উপস্থিত অনেকেই জুলাইয়ের আন্দোলনে সরাসরি অংশ নিয়েছেন। আবার কারও আপনজন এই আন্দোলনে অংশ নিয়েছেন। তাদের নিজেদের বা আপনজনদের আত্মত্যাগের বিনিময়ে আজ বাংলাদেশের মানুষ একটি মুক্ত পরিবেশে বসবাস করতে পারছেন। তিনি বলেন, দেশের মানুষের আত্মত্যাগের মর্যাদা রক্ষা এবং তাদের প্রত্যাশার বাংলাদেশ গড়ে তুলতে সবাইকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ থেকে শুরু করে ২০২৪ সালের জুলাই আন্দোলন পর্যন্ত বিভিন্ন সময়ে মানুষের আত্মত্যাগের কথা তুলে ধরেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, এসব আত্মত্যাগের মূল লক্ষ্য ও উদ্দেশ্য ছিল একটি উন্নত বাংলাদেশ গড়ে তোলা, যেখানে দেশের মানুষ আরও ভালোভাবে বসবাস করতে পারবে। প্রধানমন্ত্রী বলেন, 'যাদের আমরা হারিয়েছি, যারা শারীরিকভাবে আহত হয়েছেন কিংবা অন্যভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন, তাদের সবার আত্মত্যাগের পেছনে একটি আকাঙ্ক্ষা ছিল, সেটি হলো বাংলাদেশকে আরও ভালো করা।' রাষ্ট্র ও সরকারের নানা সীমাবদ্ধতার কথাও উল্লেখ করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, সীমাবদ্ধতার মধ্যেও দেশকে বাস্তবতার নিরিখে এগিয়ে নিতে হবে। তিনি বলেন, 'আমরা কী পেলাম, সেটিই সবচেয়ে বড় কথা নয়। বরং আমরা দেশকে কী দিতে পারলাম, সেটিই গুরুত্বপূর্ণ। এই লক্ষ্য সামনে রেখে ধীরে ধীরে এগিয়ে যেতে পারলে আগামী দিনে আমরা যে বাংলাদেশ চাই, সেই প্রত্যাশিত বাংলাদেশ গড়ে তোলা সম্ভব হবে।' জুলাই আন্দোলনে শহীদ ও আহত ব্যক্তিদের আত্মত্যাগের যথাযথ মূল্যায়নের চেষ্টা অব্যাহত থাকবে বলে জানান প্রধানমন্ত্রী। তিনি আশা প্রকাশ করেন, সবার সম্মিলিত প্রচেষ্টায় একটি সুন্দর ও উন্নত বাংলাদেশ গড়ে তোলা সম্ভব হবে।

নারীকে শ্লীলতাহানি করে যুবদল

হেনস্তা করার দৃশ্যও দেখা যায়। তবে নিজের বিরুদ্ধে অভিযোগ অস্বীকার করে যুবদলকর্মী শাহীন মৃধা মুঠোফোনে বলেন, ঘটনাটি প্রায় দেড় দুই মাস আগে বিল্বগ্রামে মনির হাওলাদারের বসতঘরে। তিনি বলেন, মনির হাওলাদারের স্ত্রী বিদেশে থাকে। সেই সুযোগে ঘটনার দিন রাত ১১টার দিকে ওই নারীকে নিজের বাড়িতে নিয়ে অসামাজিক কার্যকলাপ চলাচ্ছিল। আমাকে খবর দিলে আমি রাত সাড়ে ১১টার দিকে সেখানে যাই। তিনি বলেন, ঘটনাস্থলে আমি ছিলাম। তবে ভিডিও আমি করিনি। একই গ্রামের বেশ কয়েকজন মিলে ভিডিও করেছে। তাদের মধ্যে থেকে কেউ ভিডিও ছড়িয়ে দিতে পারে। আমি মোবাইলের লাইট জ্বেলে রেখেছিলাম, ভিডিও করিনি। তিনি বলেন, তাদেরকে পুলিশে দেওয়ার চেষ্টা করেছিলাম। কিন্তু অভিযুক্তরা নিজেদের দোষ স্বীকার করেছে বিধায় রাতেই ছেড়ে দিয়েছি। এখন সেই ভিডিও দিয়ে আমাকে ষড়যন্ত্রমূলকভাবে ফাঁসানোর চেষ্টা করা হচ্ছে। তবে শাহিনের দাবি মতে অন্য অভিযুক্তদের বক্তব্য জানা যায়নি। উপজেলা যুবদলের সদস্যসচিব মনির হোসেন আকন বলেন, ঘটনাস্থলে গিয়ে বিষয়টি খোঁজ-খবর নেবো এবং কোন প্রেক্ষাপটে ভিডিও ধারণ করা হয়েছে তা জেনে দলীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। গৌরনদী মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) তারিক হাসান রাসেল বলেন, এ ঘটনায় কোনো প্রকার লিখিত অভিযোগ পাইনি। লিখিত অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

শিল্পকলা একাডেমিতে 'মঞ্চমৈত্রী

বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক সুপ্রভাত হালদার এবং বরিশাল জেলা কালচারাল অফিসার তানবীর রহমান। উদ্বোধনী বক্তব্যে প্রফেসর মোঃ আখতারুজ্জামান খান বলেন, শিক্ষার্থীদের শুধু প্রাতিষ্ঠানিক শিক্ষায় সীমাবদ্ধ রাখলে চলবে না; তাদের সৃজনশীলতা ও মননশীলতার বিকাশেও সাংস্কৃতিক কর্মকাণ্ডের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। নাটক ও সংস্কৃতিচর্চা শিক্ষার্থীদের মানবিক, দায়িত্বশীল ও অসাম্প্রদায়িক মানুষ হিসেবে গড়ে তুলতে সহায়তা করে। বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের নাট্যদল ও সাংস্কৃতিক সংগঠনের এমন যৌথ আয়োজন ভবিষ্যতে আরও বিস্তৃত হবে বলেও তিনি প্রত্যাশা ব্যক্ত করেন। প্রধান অতিথি এডভোকেট বিলকিস আক্তার জাহান শিরিন বলেন, নাটক ও সংস্কৃতি মানুষের মধ্যে সম্প্রীতি, মানবিকতা ও সৌহার্দ্য গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তরুণ প্রজন্মকে সৃজনশীল ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের সঙ্গে সম্পৃক্ত করতে এ ধরনের আয়োজন আরও বেশি হওয়া প্রয়োজন। বিশেষ করে সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ নাট্যদলের 'হাসন রাজা' নাটকের পরিবেশনার প্রশংসা করেন প্রধান অতিথি। নাটকটি উপভোগ করার পর তিনি নাট্যদলের অভিনয়, মঞ্চায়ন ও পরিবেশনার প্রশংসা করে সদস্যদের আরও ভালো কাজের মাধ্যমে এগিয়ে যাওয়ার আহ্বান জানান। তিনি বলেন, তরুণদের মধ্যে এমন প্রতিভা ও সৃজনশীলতা থাকলে তাদের সুযোগ করে দিতে হবে। একই সঙ্গে বরিশালের নাট্য ও সাংস্কৃতিক চর্চার প্রসারে প্রশাসনের পক্ষ থেকে প্রয়োজনীয় সহযোগিতা ও সহায়তা করার প্রতিশ্রুতি দেন তিনি। উৎসবে বরিশাল বিশ্ববিদ্যালয় নাট্যদল রবীন্দ্রনাথ ঠাকুরের ছোটগল্প অবলম্বনে 'শান্তি' নাটক পরিবেশন করে। নাটকটির নাট্যরূপ ও নির্দেশনায় ছিলেন অমরেশ চন্দ্র মণ্ডল। এছাড়া সরকারি ব্রজমোহন কলেজের 'উত্তরণ' সাংস্কৃতিক সংগঠন এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ের 'পদাতিক' সাংস্কৃতিক পরিবেশনায় অংশ নেয়। উৎসবের অন্যতম আকর্ষণ ছিল সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ নাট্যদলের 'হাসন রাজা' নাটক। নাটকটির রচনা করেন মোস্তাক আহমেদ, নির্দেশনায় ছিলেন মাহমুদ-উন-নবী এবং পরিবেশনায় ছিল হাতেম আলী কলেজ নাট্যদল। নাটকটি পরিবেশনের পর উপস্থিত অতিথি, নাট্যকর্মী ও দর্শকদের কাছ থেকে ব্যাপক প্রশংসা পায় হাতেম আলী কলেজ নাট্যদল। অভিনয়, নির্দেশনা, মঞ্চায়ন ও পরিবেশনার সামগ্রিকতায় দলটির দক্ষতার প্রশংসা করেন উপস্থিত সবাই। বিশেষ করে প্রধান অতিথির কাছ থেকে প্রশংসা ও সামনে এগিয়ে যাওয়ার উৎসাহ পেয়ে নাট্যদলের সদস্যদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা দেখা যায়। আয়োজকরা জানান, বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের নাট্য ও সাংস্কৃতিক সংগঠনকে একই মঞ্চে এনে পারস্পরিক সম্প্রীতি, সহযোগিতা ও সাংস্কৃতিক বিনিময় তৈরি করাই এ উৎসবের অন্যতম উদ্দেশ্য। তরুণদের মধ্যে নাট্যচর্চা ও সংস্কৃতির প্রসার ঘটানোর পাশাপাশি বরিশালের সাংস্কৃতিক অঙ্গনে নতুন মেলবন্ধন তৈরিতে এ আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। প্রশাসনের সহযোগিতার আশ্বাস এবং বিভিন্ন নাট্য ও সাংস্কৃতিক দলের প্রাণবন্ত পরিবেশনায় উৎসবটি বরিশালের সাংস্কৃতিক অঙ্গনে নতুন মাত্রা যোগ করেছে। আয়োজকদের প্রত্যাশা, ভবিষ্যতে 'মঞ্চমৈত্রী' আরও বড় পরিসরে আয়োজনের মাধ্যমে বরিশালের নাট্য ও সাংস্কৃতিক চর্চাকে এগিয়ে নেবে।

বঙ্গোপসাগরে এক ট্রলারে

পেয়েছিলাম। একবার জাল ফেলতেই প্রায় দুই হাজার ২০০ পিস ইলিশ ধরা পড়ে। দীর্ঘদিনের লোকসানের পর এমন মাছ পেয়ে আমরা খুবই খুশি। মনোয়ারা ফিশের ম্যানেজার সগির আকন বলেন, দীর্ঘদিন পর এত বড় চালানের ইলিশ এসেছে। বর্তমানে বাজারে ইলিশের দাম অনেক বেশি থাকায় জেলেরা ভালো মূল্য পেয়েছেন। সচরাচর এত বড় আকারের ইলিশ একসঙ্গে পাওয়া যায় না। ব্লু অ্যাকশন ফান্ডের অর্থায়নে পরিচালিত ডব্লিউসিএস (ডঈঝ) ও ওয়ার্ল্ডফিশের সমন্বয়ে বাস্তবায়িত 'সুস্থ সাগর' প্রকল্পের গবেষণা সহকারী মো. বখতিয়ার রহমান বলেন, সাম্প্রতিক সময়ে বেশির ভাগ মাছ ধরার বোটেই কাঙ্ক্ষিত পরিমাণ ইলিশের দেখা পাচ্ছে না। তবে এরই মধ্যে একটি ট্রলারে একসঙ্গে ৪৬ মণ ইলিশ ধরা পড়ার ঘটনা নিঃসন্দেহে স্বস্তির খবর এবং জেলেদের মধ্যে আশার সঞ্চার করেছে। তিনি বলেন, একদিনের এই বেশি আহরণকে সামগ্রিকভাবে ইলিশের প্রাচুর্যের সূচক হিসেবে দেখার সুযোগ নেই; বিষয়টি ধারাবাহিক পর্যবেক্ষণ ও বৈজ্ঞানিক তথ্যের ভিত্তিতে মূল্যায়ন করা উচিত। ইলিশের এই ইতিবাচক ধারা ধরে রাখতে জেলেদের সচেতনতা, প্রজনন মৌসুমে মাছ আহরণ থেকে বিরত থাকা এবং সংরক্ষণ কার্যক্রমের ধারাবাহিক বাস্তবায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। কলাপাড়া সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা অপু সাহা বলেন, কিছুদিন আগেও সাগরে ইলিশের খরা ছিল। বর্তমানে জেলেদের জালে ঝাঁকে ঝাঁকে ইলিশ ধরা পড়ছে। বৃষ্টিপাত অব্যাহত থাকলে আরও বেশি ইলিশ মিলতে পারে। এতে জেলে, আড়তদারসহ ইলিশ সংশ্লিষ্ট সবাই লাভবান হবেন।

বাজারে কমেছে কাঁচা মরিচের

কাঁচাবাজার ঘুরে এমন চিত্র দেখা গেছে। বাজারের বিক্রেতারা জানান, বর্তমানে বাজারে ছোট, মাঝারি ও বড় এই তিন ধরনের পেঁয়াজ পাওয়া যাচ্ছে। এর মধ্যে কিছু পেঁয়াজ তুলনামূলক কাঁচা, আবার কিছু পুরোপুরি শুকনা। এসবের মান ও আকারের পার্থক্যের কারণে দামেরও তারতম্য রয়েছে। বর্তমানে মানভেদে প্রতি কেজি পেঁয়াজ ৫০ থেকে ৭০ টাকা দরে বিক্রি হচ্ছে। কাঁচা মরিচের ক্ষেত্রেও রয়েছে বিভিন্ন ধরন ও মানের পার্থক্য। বাজারে দেশি ও হাইব্রিড মরিচের পাশাপাশি লম্বা ও ছোট আকারের মরিচ এবং আমদানি করা মরিচ পাওয়া যাচ্ছে। এসবের মান ও আকারভেদে প্রতি কেজি কাঁচা মরিচ ২৪০ থেকে ২৬০ টাকা দরে বিক্রি হচ্ছে। রসুনের দামেও মান ও ধরনভেদে পার্থক্য রয়েছে। দেশি ছোট রসুন প্রতি কেজি প্রায় ১০০ টাকা দরে বিক্রি হচ্ছে। অন্যদিকে আমদানি করা বড় রসুন বিক্রি হচ্ছে প্রায় ১৪০ টাকা কেজি দরে। বাজারে অন্যান্য নিত্যপ্রয়োজনীয় পণ্যের দামও খুব একটা কম নয়। মানভেদে সাদা আলু প্রতি কেজি ৩০ থেকে ৪০ টাকা এবং লাল আলু ৪০ থেকে ৫০ টাকা দরে বিক্রি হচ্ছে। বিভিন্ন সবজির মধ্যে বেগুন ১২০ থেকে ১৬০ টাকা, করলা ও কাঁকরোল ১০০ থেকে ১২০ টাকা, ধুন্দল, চিচিঙ্গা ও পটল প্রায় ৮০ টাকা এবং ঢেঁড়স প্রায় ৬০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। সবজির বাড়তি দামের বিষয়ে কাঁচাবাজারের বিক্রেতা রফিকুল ইসলাম বলেন, কয়েক দিন ধরে বৃষ্টি বেশি হওয়ায় বাজারে সবজির সরবরাহ কম। আড়তে আগের মতো সবজি আসছে না। তাই দামও কিছুটা বেড়েছে। আরেক বিক্রেতা সেলিম মিয়া বলেন, বৃষ্টির কারণে অনেক সবজি ক্ষেত নষ্ট হচ্ছে। পাশাপাশি বাজারে সবজি কম আসায় আমাদেরও বেশি দামে কিনতে হচ্ছে। সে কারণে খুচরা বাজারে দাম বাড়তি। একই কথা জানিয়ে আরেক বিক্রেতা জাহাঙ্গীর আলম বলেন, বৃষ্টির কারণে সবজি তুলতে ও বাজারে আনতে সমস্যা হচ্ছে। সরবরাহ কম থাকায় প্রায় সব ধরনের সবজির দামই এখন একটু বেশি। বৃষ্টি কমলে বাজারে সবজি বেশি আসবে, তখন দামও কমতে পারে।

বাংলাদেশিকে বিএসএফ ধরে নিয়ে

নিয়ে আসেন। বর্তমানে তিনি বিজিবি, পুলিশ ও স্থানীয়দের হেফাজতে রয়েছেন। এর আগে গত বুধবার সকালে পঞ্চগড় সদর উপজেলার সাতমেরা ইউনিয়নের বিরাজোত এলাকার বাসিন্দা মো. তমিজ উদ্দীন (৭৮) গরু খুঁজতে বাড়ি থেকে বের হন। একপর্যায়ে সীমান্তের কাঁটাতারের বেড়ার কাছাকাছি গেলে ভারতীয় বিএসএফ তাঁকে ধরে নিয়ে যায় বলে স্থানীয়রা জানান। স্থানীয়দের ভাষ্য, তমিজ উদ্দীন বয়স্ক ব্যক্তি। তিনি কানে কম শোনেন এবং ঠিকমতো হাঁটতেও পারেন না। গরু খুঁজতে গিয়ে সীমান্তের কাঁটাতারের কাছাকাছি চলে যাওয়ার পর বিএসএফ তাঁকে ধরে নিয়ে যায় বলে স্থানীয়দের দাবি। তমিজ উদ্দীনের ছেলে আজাহার বলেন, 'আমার বাবা কিছুই করেনি। গরু খুঁজতে গেছে। আমার বাবা বয়স্ক লোক। কানে শুনতে পায় না। চলতে পারে না বলেই চলে। কীভাবে কী হয়েছে কিছুই জানি না। আমার বাবাকে ফিরে পেতে চাই। যদি আমার বাবাকে না দেয়, ভারতীয় সেই লোককে যেন ফেরত না দেওয়া হয়। আমার বাবাকে ফিরিয়ে দিলে আমরা এই লোকটাকে দিয়ে দেব।' এ বিষয়ে বিজিবির পক্ষ থেকে আনুষ্ঠানিক কোনো বক্তব্য পাওয়া যায়নি। তবে তমিজ উদ্দীনকে ফেরত আনা এবং ভারতীয় নাগরিক দীপঙ্কর গোপের বিষয়ে বিজিবি ও বিএসএফের মধ্যে পতাকা বৈঠক হওয়ার কথা রয়েছে বলে একটি সূত্র জানিয়েছে।

বৃষ্টি ও তাপমাত্রা দুটোই

এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে। আজ রোববার (৯ আগস্ট) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রংপুর, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে। একই সঙ্গে সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য বাড়তে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। আগামী সোমবার (১০ আগস্ট) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রংপুর, ময়মনসিংহ, খুলনা, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, ঢাকা ও বরিশাল বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে। একই সঙ্গে সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য বাড়তে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। আগামী মঙ্গলবার (১১ আগস্ট) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রংপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, ঢাকা, বরিশাল ও খুলনা বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে। একই সঙ্গে সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে। আগামী বুধবার (১২ আগস্ট) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রংপুর, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে। একই সঙ্গে সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে। এ ছাড়া আগামী পাঁচদিনের শেষের দিকে বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টির প্রবণতা বাড়তে পারে বলে জানিয়েছে সংস্থাটি।

বরিশালে নতুন পুলিশ কমিশনারের

ও বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিকরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের মধ্য দিয়ে নতুন কমিশনারের সঙ্গে বরিশালের গণমাধ্যমকর্মীদের আনুষ্ঠানিক মতবিনিময়ের সূচনা হয়। সম্প্রতি বরিশাল মেট্রোপলিটন পুলিশের কমিশনার হিসেবে আবু রায়হান মুহাম্মদ সালেহকে নিয়োগ দেয়া হয়। গত ৫ আগস্ট তিনি পুলিশ কমিশনার হিসেবে যোগদান করেন। এরআগে তিনি পুলিশ সদর দপ্তরে ডিআইজি হিসেবে কর্মরত ছিলেন। এছাড়া তিনি অতীতে বরিশাল মেট্রোপলিটন পুলিশের উপ পুলিশ কমিশনার হিসেবেও দায়িত্ব পালন করেছেন।

বরিশালে স্কুল ফিডিংয়ে

কর্মসূচির আওতায় খাদ্য সরবরাহের জন্য মোট ২০টি প্যাকেজে দরপত্র আহ্বান করা হয়েছিল। এর মধ্যে আটটি প্যাকেজের দরপত্র সম্পন্ন হয়েছে। বাকি ১২টি প্যাকেজে পুনঃদরপত্র আহ্বান করা হয়েছে। সূত্র জানায়, বরিশাল বিভাগের ২০টি প্রতিষ্ঠানের জন্য পৃথক দুটি প্যাকেজ করা হয়েছে। বরিশাল-১ প্যাকেজের আওতায় রয়েছে বরিশালের বাকেরগঞ্জ, বানারীপাড়া, গৌরনদী, হিজলা, মুলাদী ও উজিরপুর এবং ঝালকাঠির কাঠালিয়া ও নলছিটি উপজেলা। আর বরিশাল-২ প্যাকেজের আওতায় পটুয়াখালী, পিরোজপুর ও ভোলা জেলার ১২টি উপজেলা রয়েছে। এ প্যাকেজটি বর্তমানে পুনঃদরপত্রের পর্যায়ে রয়েছে। বরিশাল-১ প্যাকেজে দরপত্রের মাধ্যমে এক বছরের কার্যাদেশ পেয়েছে আইল্যান্ড ট্রেডিং কোম্পানি। এ কার্যাদেশের মূল্য ৬৫ কোটি ৬১ লাখ ৩৫ হাজার ৯২১ টাকা। শর্ত অনুযায়ী, আট উপজেলার ১ হাজার ২৪৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১ লাখ ৩৯ হাজার ১৫১ শিক্ষার্থীকে পুষ্টিকর খাবার সরবরাহ করার কথা প্রতিষ্ঠানটির। প্রতিটি বিদ্যালয়ে ৯০ শতাংশ উপস্থিতি বিবেচনায় নিয়ে খাবার সরবরাহের নির্দেশনা রয়েছে। তবে আইল্যান্ড ট্রেডিং স্থানীয়ভাবে একাধিক এজেন্ট ও সাব-এজেন্ট নিয়োগ করে বিদ্যালয়গুলোতে খাবার সরবরাহ করছে। আর এ সরবরাহ ব্যবস্থায় বিভিন্ন অনিয়মের অভিযোগ উঠেছে। বরিশালের বানারীপাড়া, বাকেরগঞ্জ ও হিজলা উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ও শিক্ষকদের সঙ্গে কথা বলে একই ধরনের অভিযোগ পাওয়া গেছে। বানারীপাড়া উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকেরা খাবারের মান ও সরবরাহ নিয়ে সম্প্রতি উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ দিয়েছেন। বানারীপাড়া উপজেলা শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও নাগটুয়ার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুল ইসলাম বলেন, সরবরাহ করা রুটি ও কলার মান ঠিক থাকে না। এমনকি বিষ্ঠাযুক্ত ডিমও সরবরাহ করা হয়েছে বলে অভিযোগ করেন তিনি। উপজেলার ১২৬টি বিদ্যালয়েই কমবেশি একই ধরনের সমস্যা রয়েছে বলে তাঁর দাবি। মনিরুল ইসলাম বলেন, অনেক সময় রাত ১০টার দিকে বিদ্যালয়ে খাবার পৌঁছায়। সেই খাবার পরদিন শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করতে হয়। আবার দুপুর ২টার পর খাবার পৌঁছানোও নিয়মিত ঘটনা হয়ে দাঁড়িয়েছে। একই উপজেলার মরিচবুনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুস সালাম বলেন, তাঁর বিদ্যালয়ে মঙ্গলবার রুটি ও কলা সরবরাহ করা হয়েছিল। তাঁদের জানানো হয়েছিল, বুধবার খাবার সরবরাহ করা হবে না। প্রতি প্যাকেটে ৬০ গ্রাম ওজনের দুটি রুটি থাকার কথা থাকলেও মঙ্গলবার সব শিক্ষার্থীকে একটি করে রুটি দেওয়া হয়। অবশিষ্ট রুটি ও কলা বুধবার বিতরণ করা হয়েছে। বানারীপাড়া সরকারি বন্দর মডেল প্রাথমিক বিদ্যালয়ের কয়েকজন শিক্ষার্থী অভিযোগ করে, তাদের কাঁচা কলা ও পচা ডিম দেওয়া হয়েছে। বানারীপাড়ায় বিদ্যালয়গুলোতে খাদ্য সরবরাহের দায়িত্বে থাকা এজেন্ট কাজী কামাল। তাঁর ভাই কাজী তরিকুল এ কার্যক্রম পরিচালনা করেন। তরিকুল বলেন, তাঁদের সরবরাহ তালিকায় দুধ ও বিস্কুট নেই। তাই এ দুটি খাবার তাঁরা দেন না। তবে আগের দিন ডিম সিদ্ধ করে রাখার অভিযোগ অস্বীকার করেন তিনি। বাকেরগঞ্জ পৌর শহরের সরকারি মডেল প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেণির শিক্ষার্থী রাফিজা আক্তার জানায়, তাদের পচা কলা ও আগের দিন সিদ্ধ করা ডিম দেওয়া হয়। এসব খাবার খেতে না পেরে তারা ফেলে দেয়। বাকেরগঞ্জ উপজেলার রঙ্গশ্রী ইউনিয়নের বিরঙ্গন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মতিউর রহমান বলেন, তাঁর বিদ্যালয়ে এক ধরনের খাবার দেওয়া হয়। অনেক সময় শিক্ষার্থীরা বিদ্যালয় থেকে চলে যাওয়ার পর ঠিকাদারের লোকজন খাবার নিয়ে পৌঁছান। এতে খাবারের অপচয় হয়। বাকেরগঞ্জ উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা রুহুল আমিন বলেন, উপজেলার ১৪টি ইউনিয়নে ছয়টি পয়েন্ট থেকে খাবার সরবরাহ করা হয়। একবার গাড়ি দুর্ঘটনার কারণে টানা তিন দিন খাবার সরবরাহ বন্ধ ছিল। শিশুদের উপযোগী মানসম্মত খাবার দিতে ঠিকাদারি প্রতিষ্ঠানটি পারছে না বলেও তিনি স্বীকার করেন। অভিযোগের বিষয়ে আইল্যান্ড ট্রেডিং লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক শাহদাত হোসেন বলেন, প্রতিটি উপজেলায় স্থানীয় লোকজনের মাধ্যমে বিদ্যালয়ে খাবার পৌঁছে দেওয়া হয়। কিছু অনিয়মের খবর তিনিও পেয়েছেন। এ ক্ষেত্রে স্থানীয় বিতরণকারীরা দায়ী। শাহদাত হোসেন বলেন, অনিয়মের সঙ্গে জড়িতদের চিহ্নিত করে প্রয়োজনে তাঁদের পরিবর্তে অন্যদের দায়িত্ব দেওয়া হবে। দুধ ও বিস্কুট সরবরাহের বিষয়ে তিনি বলেন, এ দুটি খাবার সরবরাহের দরপত্র পেয়েছে প্রাণ কোম্পানি। আগামী জানুয়ারি থেকে তারা বিতরণ শুরু করবে। তবে নিজেদের বিরুদ্ধে ওঠা অভিযোগের পেছনে বিভিন্ন উপজেলার স্থানীয় রাজনীতিও কাজ করছে বলে দাবি করেন আইল্যান্ড ট্রেডিংয়ের ব্যবস্থাপনা পরিচালক।

খেলার মাঠে কচু গাছ রোপণ করে

এই ভিন্নধর্মী প্রতিবাদে নেতৃত্ব দেওয়া অর্থনীতি বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী শাহাবুদ্দিন মিয়া প্রতিবেদককে জানান,"প্রশাসন কলেজ সংস্কারের ৫ দফা দাবি মেনে নিয়েছিল। কিন্তু প্রতিশ্রুতির পর দীর্ঘ সময় পেরিয়ে গেলেও বাস্তবে সংস্কারের কোনো দৃশ্যমান উদ্যোগ নেই। তাই প্রশাসনের প্রতিশ্রুতির প্রতি প্রতীকী প্রতিবাদ জানিয়ে বাণিজ্য ভবন মাঠে কচুগাছ রোপণ করেছি। এটি শুধু কচুগাছ রোপণ নয়; প্রশাসনের প্রতিশ্রুতি বাস্তবায়নে ব্যর্থতার বিরুদ্ধে আমাদের নীরব প্রতিবাদ। প্রশ্ন একটাইড়দাবি মেনে নেওয়ার পরও যদি বাস্তবায়ন না হয়, তাহলে শিক্ষার্থীরা আর কাকে বিশ্বাস করবে?প্রতিশ্রুতি নয়, এবার চাই দৃশ্যমান সংস্কার।" প্রতিবাদ কর্মসূচিতে অংশ নেওয়া হিসাব বিজ্ঞান বিভাগের ৩য় বর্ষের আরেক শিক্ষার্থী তানভীর ইসলাম বলেন," আজকে সরকারি ব্রজমোহন (বিএম) কলেজের পাঁচ দফা ক্যাম্পাস সংস্কার দাবি উপস্থাপনের এক বছর । দীর্ঘ এই সময়ে কলেজ প্রশাসনের পক্ষ থেকে দৃশ্যমান কোনো উন্নয়ন বা দাবি বাস্তবায়নের উদ্যোগ দেখা যায়নি। যার জন্য আমরা খুবই হতাশ, এর প্রতিবাদস্বরূপ একঝাঁক সাধারণ শিক্ষার্থীদের উদ্যোগে আজ কলেজের বাণিজ্য ভবনের মাঠে " কচু গাছ" লাগিয়ে এক ব্যতিক্রমী কর্মসূচি পালন করা হয়েছে। কলেজ প্রশাসনের উদাসীনতা ও স্থবিরতার বিরুদ্ধে এটি আমাদের প্রতীকী প্রতিবাদ। আমরা অবিলম্বে এই পাঁচ দফা দাবি বাস্তবায়ন এবং ক্যাম্পাসের সার্বিক সংস্কারের জোর দাবি জানাচ্ছি"। দাবি গুলো বাস্তবায়ন না হলে পূনরায় আন্দোলনের নামার ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করেন তারা। এবিষয়ে জানার জন্য কলেজ অধ্যক্ষের সাথে মুঠোফোনে যোগাযোগ করার চেষ্টা করা হলেও যোগাযোগ সম্ভব হয়নি।

আজ ভীমরুলির পেয়ারা বাগান

পেয়ারা হাটের কার্যক্রমও প্রত্যক্ষ করার কথা রয়েছে। ঝালকাঠির ভীমরুলি দেশের অন্যতম পরিচিত ভাসমান পেয়ারা বাজার। খালের পানিতে নৌকায় করে এখানে পেয়ারা কেনাবেচা হয়। বর্ষা মৌসুমে ভীমরুলির পেয়ারা বাগান ও ভাসমান হাট দেখতে দেশ-বিদেশের পর্যটকেরা ভিড় করেন। এর আগে, ২০১৯ সালে তৎকালীন মার্কিন রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলার ভীমরুলির ভাসমান পেয়ারা হাট পরিদর্শন করেছিলেন। তিনি নৌকায় করে হাট ঘুরে দেখেন এবং স্থানীয়দের সাথে কথা বলেন। রাষ্ট্রদূত ব্রেন্ট টি. ক্রিস্টেনসেন চলতি বছরের জানুয়ারিতে বাংলাদেশে দায়িত্ব গ্রহণের পর বিভিন্ন কর্মসূচিতে অংশ নিচ্ছেন। দায়িত্ব গ্রহণের সময় তিনি বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের সম্পর্ক আরও জোরদার করার প্রত্যয় ব্যক্ত করেন। ভীমরুলি সফরের মধ্য দিয়ে দেশের ঐতিহ্যবাহী কৃষি ও স্থানীয় পর্যটন সম্পর্কে মার্কিন রাষ্ট্রদূতের সরাসরি ধারণা নেয়ার সুযোগ তৈরি হবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

দুই জেলায় কোস্ট গার্ডের

আনুমানিক মূল্য ৪০ হাজার ৫০০ টাকা। এ ঘটনায় মো. ইমন হোসেন (১৮) নামে এক যুবককে আটক করা হয়। তিনি পাথরঘাটার কাঁঠালতলী গ্রামের মো. সগীর হোসেনের ছেলে। অন্যদিকে একই দিন রাত ৮টার দিকে ভোলার লালমোহন থানার শাহবাজপুর কলেজ গেট সংলগ্ন এলাকায় অভিযান চালায় কোস্ট গার্ড আউটপোস্ট লালমোহন। সেখান থেকে মো. শরিফ পঞ্চায়েত (২৯) নামে এক ব্যক্তিকে আটক করা হয়। তার কাছ থেকে ৪৮ পিস ইয়াবা উদ্ধার করা হয়, যার আনুমানিক মূল্য ২৪ হাজার টাকা। শরিফ পঞ্চায়েত লালমোহন পৌরসভার ১ নম্বর ওয়ার্ডের বাসিন্দা আব্দুল মান্নান পঞ্চায়েতের ছেলে। কোস্ট গার্ড দক্ষিণ জোনের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট মো. সালমান বিন শওকত জানান, জব্দ করা ইয়াবা ও আটক ব্যক্তিদের বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। মাদকের বিস্তার রোধে কোস্ট গার্ডের এ ধরনের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে জানান তিনি।

ভোলায় চালুর ৮ মাসেই স্টেডিয়ামের বেহাল

এসেছিল প্রাণচাঞ্চল্য। কিন্তু বর্তমানে এই স্টেডিয়ামের নির্মাণের মান নিয়ে উঠেছে গুরুতর অভিযোগ। স্টেডিয়ামের বিভিন্ন ভবনে দেখা দিয়েছে ছোট ছোট ফাটল, ধসে পড়ছে দ্বিতীয় ও তৃতীয় তলার ভিআইপি গ্যালারির তিনটি গ্লাস। গ্যালারির বিভিন্ন অংশে ক্ষয়ের চিহ্ন স্পষ্ট। আর আউটডোরে টিনের চালার জীর্ন অবস্থা। তবে সবচেয়ে উদ্বেগের বিষয়, ক্রিকেট পিচের বেহাল অবস্থার কারণে নিয়মিত অনুশীলন প্রায় বন্ধ হয়ে গেছে। খেলোয়াড় বেনুপাল ও নোমান বলেন, বৃষ্টির কারণে ক্রিকেট পিচ নষ্ট হয়ে গেছে। যদি এটি ঢেকে রাখা হতো তাহলে কিছুটা হলেও পিচটি সুরক্ষিত থাকতো। এমন পিচে ক্রিকেট প্রাকটিস অনুপযোগী হয়ে পড়েছে। কয়েকজন ক্রিকেটার বলেন, পিচ নষ্ট হয়ে যাওয়ায় ক্রিকেট প্রাকটিস বন্ধ আছে। পিচটি নিয়মিত রক্ষণাবেক্ষণ করা জরুরি। এদিকে চলতি বছরেই আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু হওয়া ভোলা গজনবী স্টেডিয়ামের করুণ দশা নিয়ে ক্রীড়া সংগঠকদের ক্ষোভের যেন শেষ নেই। মানসম্মত পিচ না থাকায় প্রতিভাবান ক্রিকেটাররা পিছিয়ে পড়ছেন। গ্লাস ভেঙে দুর্ঘটনার আশঙ্কা করা হচ্ছে। স্টেডিয়ামের কেয়ারটেকার আবুল হোসেন বলেন, হঠাৎ করেই ভিআইপি গ্যালারির কাচ ভেঙে যায়। আমরা অনেক আতঙ্কে থাকি, কখন কার গায়ে আবার এই কাচ ভেঙে পড়ে। অন্যদিকে ক্রীড়া সংগঠকরা দ্রুত পিচ সংস্কার ও ত্রুটিপূর্ণ নির্মাণকাজের তদন্তের দাবি তুলেছেন। এ বিষয়ে জেলা ক্রীড়া সংস্থার সদস্য সচিব মুনতাছির আলম রবির চৌধুরী বলেন, যারা তখন দায়িত্ব ছিল তারা পিচ ও গ্যালারি ঠিকমতো বুঝে নেননি, তাই এমন করুণ দশা। তবে আমরা নিয়মিত ক্রিকেট পিচটি রক্ষণাবেক্ষণ করব। তবে অভিযোগের বিষয়ে জেলা ক্রীড়া কর্মকর্তা সাপাতুল ইসলাম বলেন, স্টেডিয়ামের বিভিন্ন সমস্যা ইতোমধ্যে তাদের নজরে এসেছে। বিষয়গুলো সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেয়া হবে। এদিকে জেলার ক্রীড়াবিদদের প্রত্যাশা, দ্রুত সংস্কার ও মানসম্মত অবকাঠামো নিশ্চিত করে ভোলা গজনবী স্টেডিয়ামকে আবারো খেলাধুলার উপযোগী করে তোলা হোক।

সড়ক নির্মাণ শেষে না হতেই

কালিবাড়ী থেকে তালুকদার বাজার পর্যন্ত ৫ কিলোমিটার সড়ক সম্প্রসারণ ও পুর্ননির্মাণে দরপত্র আহবান করে বরগুনা নির্বাহী প্রকৌশল বিভাগ। পাঁচ কোটি টাকা ব্যয়ে ওই কাজ পায় রাজশাহীর বরেন্দ্র কনস্ট্রাকশন নামের একটি ঠিকাদারী প্রতিষ্ঠান। ওই কাজ সাব কন্টাক্ট নেন আমতলী উপজেলা চাওড়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও নিষিদ্ধ ঘোষিত উপজেলা আওয়ামীলীগ যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ আখতারুজ্জামান বাদল খাঁন। তৎকালীন সময়ে প্রভাব খাটিয়ে ঠিকাদার বাদল খাঁন সড়কের কাজ না করে ফেলে রাখে। শেখ হাসিনার পতনের পর চাপে পড়ে তিনি সড়কের কাজ শুরু করেন। কাজের শুরুতেই এ সড়ক নির্মাণে বেশ অনিয়মের আশ্রয় নেন ঠিকাদার বাদল খাঁন। স্থানীয়রা অভিযোগ করেন সড়ক নির্মাণে নিম্নমানের নির্মাণ সামগ্রী ব্যবহার ও সম্প্রাসারণে কার্যাদেশে অনুসারে কাজ করেনি ঠিকাদার। এ নিয়ে স্থানীয়রা বেশ কয়েকবার বরগুনা নির্বাহী প্রকৌশলী মেহেদী হাসান ও আমতলী উপজেলা প্রকৌশলী মোঃ ইদ্রিস আলী কাছে অভিযোগ দিলেও তারা তা আমলে নেয়নি এমন অভিযোগ সাইফুল ইসলাম ও বাবুলের। স্থানীয়রা অভিযোগ করেন ঠিকাদার বাদল খাঁন কাজে অনিয়ম করায় কাজ শেষ হতে না হতেই সড়কের বিভিন্ন এলাকার সড়ক ধসে পরেছে। শনিবার সকালে কালিবাড়ী এলাকার ওই সড়কের অর্ধেক অন্তত দুই'শ মিটার ধসে চালিতাবুনিয়া খালের পড়েছে এবং বিভিন্ন প্রজাতির গাছ সড়কে পড়ে যায়। ফলে ওই সড়ক দিয়ে যান চালাচল বন্ধ হয়ে গেছে। খবর পেয়ে বরগুনা এলজিইডির সিনিয়র সহকারী প্রকৌশলী শ্যামল কুমার গাইন শনিবার দুপুরে ঘটনাস্থলে পরিবদর্শণ করেছেন। শনিবার আমতলী- গাজীপুর আঞ্চলিক সড়কের কালীবাড়ী ও পাতাকাটা নামক স্থান ঘুরে দেখাগেছে, সড়কের দুই স্থানে অন্তত দুই 'শ মিটার সড়ক ধসে খালের মধ্যে পড়ে গেছে। কাজ শেষ হতে না হতেই সড়ক ধসে যাওয়ায় কাজের মান নিয়ে স্থানীয়দের মধ্যে বিরুপ প্রতিক্রিয়া দেখা দিয়েছে। সড়ক খালে ধসে পরায় যান চলাচল বন্ধ হয়ে গেছে। আমতলী উপজেলা যুবদল যুগ্ম আহবায়ক মোঃ মেহেদী জামান রাকিব বলেন, ঠিকাদার নিম্নমানের নির্মাণ সামগ্রী ব্যবহার ও বেশ অনিয়ম করায় অন্তত দুই'শ মিটার সড়ক চালিতাবুনিয়া খালে ধসে গেছে। তিনি আরো বলেন, ঠিকাদারের কাজের অনিয়মের বিষয়ে বেশ কয়েকবার সংশ্লিষ্ট বিভাগকে জানালেও তারা কোন পদক্ষেপ নেয়নি। দ্রুত তদন্ত করে কাজের অনিয়মের বিষয়ে ব্যবস্থা নেয়ার দাবী তার। আমতলী উপজেলা প্রকৌশলী মোঃ ইদ্রিস আলী বলেন, সড়ক খালে ধসে যাওয়ার বিষয়ে তদন্ত করছি। সড়কের ধসে যাওয়ার প্রকৃত কারনে উদঘাটনে বিশেষজ্ঞ টিম পরিদর্শণে আসবেন। বরগুনা এলজিইডির সিরিয়র সহকারী প্রকৌশলী শ্যামল কুমার গাইন বলেন, খবর পেয়ে ঘটনাস্থল পরির্দশণ করেছি। সড়ক ধসে খালে পড়ে যাওয়ার প্রকৃত কারনে উদঘাটনে চেষ্টা করছি। তিনি আরো বলেন, এখানে ঠিকাদারের অনিয়মের বিষয়টিও কঠোরভাবে তদন্ত করে দেখা হচ্ছে।

ফ্যামিলি কার্ড তথ্য সংগ্রহকারির

পেলেও সাজা বাতিলের জন্য করা আপিলের এখনো শুনানি হয়নি। ফলে তার বিরুদ্ধে দেওয়া সাজা এখনও বহাল রয়েছে বলে স্থানীয় সূত্রে জানা গেছে। এমন অবস্থায় একজন সাজাপ্রাপ্ত ব্যক্তির নাম কীভাবে ফ্যামিলি কার্ডের সুবিধাভোগীর তালিকায় স্থান পেল, তা নিয়ে প্রশ্ন তুলছেন স্থানীয়রা। বিষয়টি নিয়ে প্রশাসনের নজরদারির দাবি জানিয়েছেন অনেকেই। অন্যদিকে, একই তালিকায় ২ নম্বরে থাকা রত্না আক্তারের নাম নিয়েও বিতর্ক দেখা দিয়েছে। তিনি সাবুপুরা গ্রামের রফিক মৃধার মেয়ে এবং স্থানীয়ভাবে আওয়ামী লীগপন্থী পরিবারের সদস্য হিসেবে পরিচিত। তাকে কীভাবে এ তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে, তা নিয়েও প্রশ্ন তুলছেন সাধারণ মানুষ। স্থানীয়দের অভিযোগ, রাজনৈতিক ও ব্যক্তিগত প্রভাব খাটিয়ে তালিকা প্রণয়ন করা হয়েছে। এতে প্রকৃত সুবিধাবঞ্চিতরা বঞ্চিত হওয়ার আশঙ্কা রয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বক্তব্য জানতে চেষ্টা করা হলেও তাৎক্ষণিকভাবে কোনো মন্তব্য পাওয়া যায়নি। তবে এলাকাবাসী দ্রুত তালিকা যাচাই-বাছাই করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন।

অবশেষে কলাপাড়া হাসপাতালে

কর্মকর্তারা। হাসপাতাল সূত্রে জানা গেছে, দীর্ঘদিন সিজারিয়ান অপারেশন বন্ধ থাকায় উপজেলার প্রত্যন্ত এলাকার গর্ভবতী নারীদের বেসরকারি হাসপাতাল ও ক্লিনিকে যেতে হতো। এতে চিকিৎসা ব্যয় বেড়ে যাওয়ার পাশাপাশি দরিদ্র ও নিম্নআয়ের পরিবারগুলোকে নানা ধরনের ভোগান্তিতে পড়তে হতো। এখন থেকে সরকারি ব্যবস্থাপনায় তুলনামূলক স্বল্প খরচে কলাপাড়া হাসপাতালেই সিজারিয়ান অপারেশন করানোর সুযোগ পাবেন গর্ভবতী মায়েরা। সিজারিয়ান অপারেশন কার্যক্রম পুনরায় চালু হওয়ায় কলাপাড়া ও উপকূলীয় এলাকার সাধারণ মানুষের দীর্ঘদিনের প্রত্যাশা পূরণ হয়েছে বলে জানিয়েছেন স্থানীয়রা। তাদের মতে, এতে বিশেষ করে দরিদ্র পরিবারের গর্ভবতী নারীদের চিকিৎসাসেবা গ্রহণ সহজ হবে এবং সময়মতো প্রয়োজনীয় চিকিৎসা নিশ্চিত করা সম্ভব হবে। উদ্বোধন শেষে সংসদ সদস্য এবিএম মোশাররফ হোসেন বলেন, দেশের সব উপজেলা পর্যায়ের ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালকে ১০০ শয্যায় উন্নীত করার উদ্যোগ নেওয়া হয়েছে। পাশাপাশি চলতি বছরের মধ্যে ইউনিয়ন পর্যায়ে এক লাখ স্বাস্থ্যকর্মী নিয়োগ দেওয়ার পরিকল্পনা রয়েছে। তিনি বলেন, প্রত্যন্ত অঞ্চলের মানুষের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে সরকার কাজ করছে। কলাপাড়া হাসপাতালে সিজারিয়ান অপারেশন চালুর ফলে এ অঞ্চলের মানুষের চিকিৎসাসেবায় নতুন গতি আসবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

আজ বাকেরগঞ্জের ১১ ইউপিতে

ইউএনও মিলটন চন্দ্র পাল জানান, "আগামীকাল রবিবার ইউনিয়ন পরিষদের প্রশাসক পাওয়া যাবে। নিয়োগপ্রাপ্ত প্রশাসকরা দায়িত্ব গ্রহণের পর ইউনিয়ন পরিষদের দৈনন্দিন প্রশাসনিক কাজ, নাগরিক সনদ প্রদান এবং বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করবেন। স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা অনুযায়ী নাগরিক সেবা যাতে কোনোভাবেই বিঘ্নিত না হয়, সে লক্ষ্যেই এ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।" প্রশাসক নিয়োগ নিয়ে বিভ্রান্তি ছড়ানোর বিষয়ে সতর্ক করে ইউএনও আরও বলেন, "একটি মহল সরকারের এই আইনি ও প্রশাসনিক সিদ্ধান্ত না বুঝে বিভ্রান্তিকর তথ্য ছড়াচ্ছে। মাঠ পর্যায়ে সরকারি নির্দেশনা বাস্তবায়নে প্রশাসন দায়বদ্ধ। ফলে সরকারি এই সিদ্ধান্তকে অমান্য বা প্রশ্নবিদ্ধ করার কোনো সুযোগ নেই।" এ বিষয়ে তিনি উপজেলার সকল শ্রেণি-পেশার মানুষের সার্বিক সহযোগিতা কামনা করেন।

গাজায় 'যুদ্ধবিরতির' পরও ১২০০

হাসপাতালগুলোতে আরও দুই ফিলিস্তিনির মরদেহ এসেছে। এ সময় নতুন হামলায় আহত হয়েছেন আরও ছয়জন। স্বাস্থ্য মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, গত বছরের অক্টোবরে শুরু হওয়া কথিত 'যুদ্ধবিরতির' পর থেকে গাজায় ইসরায়েলি হামলায় ১ হাজার ২৫৭ জন নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও ৪ হাজার ১৩১ জন। গাজার স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, গত ৪৮ ঘণ্টায় দুটি মরদেহ হাসপাতালে এসেছে। তারা আগের ইসরায়েলি হামলায় আহত হয়েছিলেন, পরে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয়। এ ছাড়া নতুন হামলায় আহত হয়ে ছয়জন হাসপাতালে ভর্তি হয়েছেন। 'যুদ্ধবিরতি' কার্যকর হওয়ার পরও গাজায় হামলা এ ধরনের হতাহতের ঘটনা অব্যাহত রয়েছে বলে জানিয়েছে কর্তৃপক্ষ। ২০২৩ সালের ৭ অক্টোবরের পর গাজায় যুদ্ধ শুরুর পর থেকে ইসরায়েলি হামলায় নিহতের সংখ্যা ৭৩ হাজার ৩৮৪ জনে পৌঁছেছে। একই সময়ে আহত হয়েছেন ১ লাখ ৭৪ হাজার ২৪২ জন। যুদ্ধের শুরু থেকেই গাজার হাসপাতালগুলোতে বিপুলসংখ্যক আহত ও নিহত মানুষ আসছেন। ধ্বংসস্তূপ, অবকাঠামোগত ক্ষতি এবং চিকিৎসাব্যবস্থার ওপর চাপের মধ্যেই হতাহতের হিসাব সংগ্রহ করা হচ্ছে।

ভারত-চীনের ওপর ১০০ শতাংশ শুল্ক

বিল পাস হয়েছে। 'রাশিয়া অ্যান্ড ইরান অ্যাক্ট অব ২০২৬' নামের সেই বিলটি তৈরি করেছিলেন প্রেসিডেন্ট ট্রাম্পের ঘনিষ্ঠ সিনেটর লিন্ডসে ও. গ্রাহাম, যিনি গত ১১ জুলাই মারা গেছেন। বিলের মূল বক্তব্য, 'ইউক্রেন যুদ্ধের সময় নিষেধাজ্ঞা থাকা সত্ত্বেও যেসব দেশ রাশিয়া থেকে ব্যাপক মাত্রায় তেল ও জ্বালানি পণ্য ক্রয়ের মাধ্যমে রাশিয়াকে যুদ্ধের তহবিল সরবরাহ করেছে যুক্তরাষ্ট্র চাইলে শাস্তিমূলক পদক্ষেপ হিসেবে সেসব দেশের ওপর ১০০ শতাংশ রপ্তানি শুল্ক আরোপ করতে পারবে।' শুক্রবার ভোটের জন্য বিলটি উত্থাপনের পর সিনেটের ১০০ জন সদস্যের মধ্যে ৮৬ জন সেটির পক্ষে এবং ১১ জন বিপক্ষে ভোট দেন। বাকি ৩ জন ভোট দেওয়া থেকে বিরত ছিলেন। সিনেটে পাসের পর বিলটি এখন কংগ্রেসের নিম্নকক্ষ হাউস অব রিপ্রেজেন্টেটিভস বা প্রতিনিধি পরিষদে পাঠানো হবে। প্রতিনিধি পরিষদের অধিবেশন শুরু হবে ৩১ আগস্ট থেকে। সে সময় বিলটি ভোটের জন্য উত্থাপন করা হবে হাউস অব রিপ্রেজেন্টেটিভসের অধিবেশনে। সেখানে যদি বিলটি সংখ্যাগরিষ্ঠের ভোট পায়, তাহলে তারপর সেটি যাবে মার্কিন প্রেসিডেন্টের দপ্তর ওভাল অফিসে। প্রেসিডেন্ট স্বাক্ষর করার পর আইনে পরিণত হবে বিলটি। বিলটি আইনে পরিণত হলে চীন ও ভারতের পাশাপাশি আরও অন্তত ৩টি দেশ ঝুঁকিতে থাকবে আজারবাইজান, হাঙ্গেরি ও স্লোভাকিয়া। কারণ এই তিন দেশও জ্বালানি তেল ও গ্যাসের জন্য রাশিয়ার ওপর নির্ভরশীল এবং রাশিয়া-ইউক্রেন যুদ্ধের সময়েও তাদের এই নির্ভরশীলতা বজায় ছিল। বিলে রাশিয়ার তেল ও জ্বালানি পণ্যের বৃহৎ ক্রেতাদের ওপর শুল্ক আরোপের পাশাপশি রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন, রাশিয়ার ধনকুবের এবং অর্থনৈতিক প্রতিষ্ঠানগুলোর ওপরও নতুন নিষেধাজ্ঞা জারি এবং এবং ইরানের ওপর নিষেধজ্ঞা ২০৩১ সাল পর্যন্ত বহাল রাখার প্রস্তাবও করা হয়েছে। গত ১১ জুলাই কিয়েভে সফরের সময় মৃত্যু হয়েছিল লিন্ডসে গ্রাহামের। সেই সফরে তার সঙ্গী ছিলেন ডেমোক্রেটিক পার্টির সিনেটর রিচার্ড ব্লুমেন্থাল। সিনেটে বিলটি পাসের পর সাংবাদিকদের এই সিনেটর বলেন, "গ্রাহাম আজ বেঁচে থাকলে নিশ্চিতভাবেই গর্ববোধ করতেন। মুক্ত সাহসী লোকজনদের বিরুদ্ধে চলমান অপরাধমূলক ও খুনে আগ্রাসনে যারা সহযোগিতা করছে, এই বিল তাদের জন্য একটি চরম আঘাত।"

চাঁদা না পেয়ে ভিটি দখলের

ওই চান্দিনা ভিটির লিজের টাকা উপজেলা ভূমি অফিসে রাজস্ব খাতে দিয়ে নবায়ন করে আসছেন তিনি। তিনি আরও বলেন, ২০২৩ সালে দোকান ঘরটি ভেঙে ফেলা হলে সেসময় তা পুনর্নির্মাণ করা সম্ভব হয়নি। সম্প্রতি সেখানে নতুন করে দোকান ঘর নির্মাণের কাজ শুরু করলে স্থানীয় বিএনপি নেতা সজল সরকার, জাফর ইকবাল ও বায়েজিদ সরদার দুই লাখ টাকা চাঁদা দাবি করেন। চাঁদা দিতে রাজি না হলে অভিযুক্তরা তাদের সহযোগীদের নিয়ে খুঁটি ও বাঁশের বেড়া দিয়ে ভিটিটি দখল করে রাখেন। এ ঘটনায় গৌরনদী মডেল থানায় লিখিত অভিযোগের পাশাপাশি উপজেলা প্রশাসন ও উপজেলা বিএনপির শীর্ষ নেতাদের অবহিত করা হয়েছে। অভিযুক্তদের ভয়ে আমার স্বামী প্রকাশ্যে কোনো মন্তব্য করতে চান না বলেও সিমা বেগম উল্লেখ করেন। বাজারের ইজারাদার মাহিলাড়া ইউনিয়ন বিএনপির আহ্বায়ক সজল সরকার ও উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহবায়ক বায়েজিদ সরদার চাঁদা দাবির অভিযোগ অস্বীকার করে বলেন, ওই চান্দিনা ভিটিতে বাজারের গভীর নলকূপ স্থাপন করে প্রায় ২০ ফুট দূরত্বে সরিয়ে নলকূপের হেড বসানো হয়েছে। তাই ডিসিআর বাতিলের জন্য বাজারের ইজারাদারের পক্ষ থেকে এসিল্যান্ডের কাছে আবেদন করা হয়েছে। কেউ যাতে ওই ভিটিতে ঘর তুলতে না পারে সেই জন্য বাঁশের বেড়া দেওয়া হয়েছে। উপজেলা ছাত্রদলের সাবেক সভাপতি জাফর ইকবাল বলেন, ঢাকা থেকে বাড়িতে গেলে জানতে পারি চান্দিনা ভিটি নিয়ে জালাল রাঢ়ী ও বাজারের ইজারাদার সজল সরকারের মধ্যে বিরোধ চলছে। বিষয়টি মীমাংসার জন্য উভয়পক্ষকে ডাকা হলে জালাল রাঢ়ী আমার ডাকে সাড়া দেয়নি। এরপর কী হয়েছে, তা আমার জানা নেই। উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. মেহেদী হাসান বলেন, মাহিলাড়া বাজারের ওই চান্দিনা ভিটিটি ডিসিআর নেওয়ার জন্য একাধিক ব্যক্তি আবেদন করেছিলেন। ওই চান্দিনা ভিটিটি জালাল রাঢ়ীর নামে আগেই ডিসিআর ছিল। তাই চলতি বছরেও তার (জালাল) নামেই নবায়ন করে দিয়েছি। গৌরনদী মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তারিক হাসান রাসেল বলেন, লিখিত অভিযোগ পেয়েছি, বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

ফেসবুকে মারধরের ভিডিও

মো. আনোয়ার হোসেন এ আদেশ দেন। রাতে বেতাগী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. হারুন-অর-রশীদ হাওলাদার বিষয়টি নিশ্চিত করেন। আদালতের আদেশ সূত্রে জানা যায়, শুক্রবার (৭ আগস্ট) এমকিউ রেজা টু ডট জিরো নামে আইডিতে পোস্ট করা মরধরের একটি ভিডিও আদালতের নজরে আসে। পরে ওই পোস্ট ও ভিডিও পর্যালোচনা করে আদালত জানতে পারেন, বেতাগী উপজেলার সদর ইউনিয়নের সৃঙ্খলা নামক এলাকার বাসিন্দা খোকনের ছেলে রেজা তার সহপাঠী রাব্বীর ছোট ভাইকে (অগ্যাতনামা) রাজনৈতিক সিনিয়র ও জুনিয়র বিরোধের জেরে নির্মমভাবে মারধর করে। ভুক্তভোগীর শরীরের বিভিন্নস্থানে একাধিক আঘাতের চিহ্ন স্পষ্টভাবে দৃশ্যমান। নির্যাতনের শিকার ভুক্তভোগী রক্তাক্ত হয়েছেন মর্মে প্রতীয়মান হয়েছে বলেও আদেশে উল্লেখ করা হয়। আদেশে আরও উল্লেখ করা হয়, ভিডিওতে মারধরের ওই ঘটনায় জনশৃঙ্খলা নষ্টসহ ভয়ভীতি সৃষ্টি করে আইনশৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ সংগঠিত হতে পারে বলে প্রতীয়মান হয়। ফলে অপরাধ সংগঠিত করার প্রাথমিক সত্যতা থাকায় অভিযুক্তদের বিরুদ্ধে স্ব-প্রনোদিত হয়ে আমলে গ্রহণ করা এখতিয়ারসম্পন্ন। তবে এ ঘটনায় অভিযুক্তদের পূর্ণাঙ্গ পরিচয় এবং ভুক্তভোগীর শরীরের আঘাত সম্পর্কে স্পষ্ট ধারণা নেই। এ ছাড়াও ভুক্তভোগীর মেডিকেল সার্টিফিকেটসহ সাক্ষীদের পরিচয় সম্পর্কেও আদালত অবগত নয়। এ কারণে ঘটনা সম্পর্কে তদন্ত প্রয়োজন বলে মনে করেন আদালত। পরে ভাইরাল ওই ভিডিওতে থাকা অভিযুক্তদের অপরাধ সম্পর্কে তদন্ত করে আগামী ১৬ আগস্টের মধ্যে বেতাগী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে প্রতিবেদন দাখিল করতে নির্দেশ দেন আদালত। বেতাগী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. হারুন-অর-রশীদ হাওলাদার বলেন, ভিডিওতে সংগঠিত মারধরের বিষয়ে আদালতের একটি আদেশ পেয়েছি। আদলতের নির্দেশনা অনুযায়ী আইনি কার্যক্রম পরিচালনা প্রক্রিয়াধীন রয়েছে।

বৃষ্টিতে জলাবদ্ধতা

জনসাধারণ। গত কয়েক দিনের ভারি বৃষ্টিতে তাদের এলাকায় জলাবদ্ধতার সৃষ্টি হয়। পানি নিষ্কাশনের পর্যাপ্ত ব্যবস্থা না থাকায় বৃষ্টির পানি দিনের পর দিন জমে থাকে। এতে বসতবাড়ির পাশাপাশি স্থানীয় রাস্তাঘাটও তলিয়ে যায়। বেতাগী পৌরসভার ১, ২, ৩, ৪, ৫, ৮, ৯ ওয়ার্ডের কিছু কিছু আংশিক এলাকা পানিতে তলিয়ে রয়েছে। এ ছাড়া উপজেলার দেশান্তরকাঠী, খোন্তাকাঠা লক্ষীপুরা, বাসন্ডা, গোয়ালবাড়ি এলাকা, জলিসা, আনোর জলিসা, ঝিঙ্গাবাড়িয়া, ছোট মোকামিয়া, বদনীখালী, কুমড়াখালী, কাজিরাবাদ, ভোড়া কালিকাবাড়ি গ্রামের নিম্নাঞ্চল পানির নিচে তলিয়ে রয়েছে। শনিবার সরেজমিনে গিয়ে দেখা যায়, জলাবদ্ধ এলাকার বাসিন্দাদের শিক্ষার্থীরা বিদ্যালয়ে যাতায়াত, ব্যবসায়ীদের দোকানে যাওয়া-আসা এবং সাধারণ মানুষের দৈনন্দিন চলাচল ব্যাহত হচ্ছে। পানিবন্দি অনেক পরিবারের রান্না বন্ধ হয়ে গেছে বলে জানান তারা। ৫ নম্বর ওয়ার্ডের রিকশাচালক আলাম বলেন, 'বৃষ্টির পানি জমে থাকলে রান্না বন্ধ রাখতে হচ্ছে।' উপজেলা নির্বাহী কর্মকর্তা মুহ. সাদ্দাম হোসেন বলেন, 'প্রবল বৃষ্টিতে পানিবন্দি এলাকাসমূহ সরেজমিন পরিদর্শন করে খোঁজখবর নেওয়া হচ্ছে। ক্ষতিগ্রস্ত পরিবারগুলোকে সহায়তা করা হবে।'

আমতলীতে অচলাবস্থা নিরসনে বাস, মিনিবাস শ্রমিক ইউনিয়নের আহ্বায়ক কমিটি গঠনে সাধারন সভা

আমতলী প্রতিনিধি

বরগুনা জেলা বাস, মিনিবাস, কোচ ও মাইক্রোবাস শ্রমিক ইউনিয়ন (রেজিস্ট্রেশন নং খুলনা-২৪৭৩)-এর সাংগঠনিক কার্যক্রম পুনরুজ্জীবিত ও নতুন আহ্বায়ক কমিটি গঠনের লক্ষ্যে মো: সাইফুল আজম (সোহেল) গাজীর সভাপতিত্বে ও মো : আল আমিন ফকিরের সঞ্চালনায় আমতলী চৌরাস্তা মাছ-বাজার সংলগ্ন পশ্চিম পাশে শ্রমিক ইউনিয়নের অস্থায়ী কার্যালয়ে সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার (৭-আগস্ট) অনুষ্ঠিত সভায় সংগঠনের বিভিন্ন পর্যায়ের শ্রমিক নেতা ও সদস্যরা অংশ নেন। সভায় বক্তারা বলেন, ৫-আগস্ট ২০২৪ সালে আওয়ামী লীগ সরকার পতনের পর তৎকালীন কমিটির কার্যক্রম কার্যত অচল হয়ে পড়ে। এর ফলে দীর্ঘদিন ধরে সংগঠনের সাংগঠনিক কার্যক্রমে স্থবিরতা দেখা দেয় এবং পরিবহন শ্রমিকদের বিভিন্ন সমস্যা ও দাবি-দাওয়া যথাযথভাবে তুলে ধরার ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হয়। এ অবস্থায় সংগঠনের কার্যক্রম সচল, গতিশীল ও শ্রমিকবান্ধব করতে নতুন আহ্বায়ক কমিটি গঠনের উদ্যোগ নেওয়া হয়েছে। সাধারণ সভায় সংগঠনের সাংগঠনিক কাঠামো পুনর্গঠন, শ্রমিকদের অধিকার ও স্বার্থ সংরক্ষণ এবং ভবিষ্যতে গণতান্ত্রিক প্রক্রিয়ায় পূর্ণাঙ্গ কমিটি গঠনের বিষয়ে আলোচনা করা হয়। সভার সভাপতি বলেন, দীর্ঘদিনের স্থবিরতা কাটিয়ে সংগঠনকে নতুনভাবে সক্রিয় করতে হলে যোগ্য, গ্রহণযোগ্য ও শ্রমিকবান্ধব নেতৃত্ব প্রয়োজন। নতুন আহ্বায়ক কমিটির মাধ্যমে শ্রমিকদের ন্যায্য দাবি আদায় এবং সাংগঠনিক শৃঙ্খলা ফিরিয়ে আনার প্রত্যাশা ব্যক্ত করেন তারা। সাধারণ সভায় উপস্থিত শ্রমিক নেতারা দ্রুত আহ্বায়ক কমিটি গঠন করে সংগঠনের নিয়মিত কার্যক্রম চালু করার ওপর গুরুত্বারোপ করেন। সভায় আরো উপস্থিত ছিলেন শ্রমিক সদস্য আব্দুস সালাম, মো: খবির, শহিদুল ইসলাম, আমানুল্লাহ, আলমগীর, মো: মামুন আকন সহ প্রায় দুই শতাধিক শ্রমিক ইউনিয়ন সদস্য।

কলাপাড়ায় লোডশেডিংমুক্ত বিদ্যুৎ

বিদ্যুৎকেন্দ্র স্থাপনের সময় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, বাস্তবে তার প্রতিফলন দেখা যাচ্ছে না। প্রতিদিন ঘন ঘন বিদ্যুৎ বিভ্রাটে সাধারণ মানুষ চরম দুর্ভোগের শিকার হচ্ছেন। তারা আরও বলেন, অযৌক্তিকভাবে বিদ্যুৎ গ্রাহকদের কাছ থেকে ডিমান্ড চার্জ ও মিটার ভাড়া আদায় করা হচ্ছে। এসব চার্জ অবিলম্বে বাতিল এবং নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার দাবি জানান বক্তারা। পাশাপাশি এলাকার যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে টেকসই সড়ক নির্মাণেরও জোর দাবি তোলেন তারা। দাবি আদায়ে দ্রুত কার্যকর পদক্ষেপ না নেওয়া হলে কঠোর আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হবে বলেও সমাবেশ থেকে হুঁশিয়ারি দেওয়া হয়।

শিশু ধর্ষণের চেষ্টাকালে যুবক

মিজু হাওলাদারের ছেলে। স্থানীয় সূত্রে জানা গেছে, পাংগাশিয়া মডেল নূরানী মাদরাসার দ্বিতীয় শ্রেণীর ওই শিক্ষার্থী মাদরাসা শেষে বাড়ি ফিরছিল। পথের মধ্যে পাংগাশিয়া স'মিল এলাকার দক্ষিণ পাশে শিশুটিকে একা পেয়ে অভিযুক্ত সোহাগ রাস্তার পাশের একটি বাগানের ভেতর টেনে-হিঁচড়ে নিয়ে ধর্ষণের চেষ্টা চালায়। এ সময় ওই রাস্তা দিয়ে যাওয়ার পথে এক ব্যাটারিচালিত অটোরিকশাচালক বাগানের ভেতর ধস্তাধস্তির দৃশ্য দেখতে পেয়ে চিৎকার শুরু করেন। তার চিৎকারে স্থানীয় বাসিন্দারা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে শিশুটিকে উদ্ধার করেন ও সোহাগকে আটক করে পুলিশে খবর দেন। পরে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে সোহাগকে নিজেদের হেফাজতে নেয়। ঘটনার সত্যতা নিশ্চিত করে দুমকি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেলিম উদ্দিন জানান, স্থানীয়দের সহযোগিতায় অভিযুক্তকে আটক করা হয়। এ ঘটনায় ভুক্তভোগী শিশুর পরিবারের পক্ষ থেকে থানায় মামলার প্রস্তুতি চলছে। অভিযুক্তের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা নেয়া হবে।

রাজাপুরে ইয়াবাসহ তিন

সংবাদের ভিত্তিতে শুক্রবার রাতে প্রথমে বড়ইয়া ইউনিয়নের আদাখোলা এলাকায় অভিযান চালানো হয়। সেখান থেকে হাসান হাওলাদার ও মেহেদী হাসানকে আটক করা হয়। তাঁদের কাছ থেকে পাঁচ পিস করে মোট ১০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। এরপর গালুয়া ইউনিয়নের সোনালীমোড় এলাকায় অভিযান চালিয়ে আওলাদ হোসেনকে আটক করা হয়। তাঁর কাছ থেকে আরও ১২ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে পুলিশ। রাজাপুর থানার ওসি (তদন্ত) মো. ফিরোজ কামাল বলেন, আটক তিনজনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করা হয়েছে। শনিবার দুপুর ২টার দিকে তাঁদের ঝালকাঠি আদালতে পাঠানো হয়েছে।

সাপে কামড়ের অ্যান্টিভেনাম না দিয়ে

একটি সাপ তার বাম পায়ের আঙুলে কামড় দেয়। সাপটি দেখতে পেয়ে তিনি বিষয়টি স্ত্রীকে জানান। পরে পরিবারের সদস্যরা দ্রুত তাকে গলাচিপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। হাসপাতালের রেজিস্টার অনুযায়ী, সকাল ৭টা ৪৫ মিনিটের দিকে জাকির মৃধাকে সাপের কামড় নিয়ে হাসপাতালে আনা হয়। পরিবারের অভিযোগ, হাসপাতালে নেওয়ার পর তাকে অ্যান্টিভেনামসহ প্রয়োজনীয় চিকিৎসা না দিয়ে পটুয়াখালীতে রেফার করা হয়। নিহতের বড় ভাই ও সাবেক ইউপি সদস্য আব্দুল অদুদ মৃধা বলেন, হাসপাতালে কোনো চিকিৎসা দেওয়া হয়নি। অ্যান্টিভেনাম ইনজেকশন দিলে আমার ভাই মারা যেত না। কর্তব্যরত চিকিৎসক কেন ইনজেকশন ও চিকিৎসা না দিয়ে রোগীকে পটুয়াখালী রেফার করলেন, তা আমার জানা নেই। অ্যান্টিভেনাম দিলে হয়তো পটুয়াখালী নেওয়ার মতো সময় পেতাম। তিনি এ ঘটনার সুষ্ঠু তদন্ত ও দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি জানান। এ বিষয়ে তিনি লিখিত অভিযোগ করবেন বলেও জানান। অ্যাম্বুলেন্সচালক মো. জুয়েল বলেন, রেফার করার পর পটুয়াখালী নেওয়ার সময় রোগীর জ্ঞান ছিল। পথে কোনো বিলম্ব হয়নি। পটুয়াখালী হাসপাতালে নেওয়ার পর চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। তবে অ্যান্টিভেনাম না দেওয়ার বিষয়ে ভিন্ন ব্যাখ্যা দিয়েছেন কর্তব্যরত চিকিৎসক ডা. জান্নাতুল নাঈম তানহা। তিনি বলেন, রোগী আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে আসেন। তার ব্লাড প্রেসার ও হার্ট রেট অনেক বেশি ছিল। এ কারণে কার্ডিয়াক ইস্যুর কথা বিবেচনা করে সিনিয়র চিকিৎসকদের সঙ্গে পরামর্শ করে অ্যান্টিভেনাম না দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয় এবং পটুয়াখালী হাসপাতালে রেফার করি। গলাচিপা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মেজবা উদ্দিন বলেন, কর্তব্যরত চিকিৎসকের সঙ্গে কথা বলে জানতে পেরেছি, রোগীর প্রাথমিক লক্ষণ দেখে বিষধর সাপ কি না শনাক্ত করা সম্ভব হয়নি। তবে রোগীর শ্বাসকষ্ট ও প্রেসার বেশি থাকায় অ্যান্টিভেনাম না দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। এ বিষয়ে সিনিয়র কনসালট্যান্টের সঙ্গে পরামর্শ করে উন্নত চিকিৎসার জন্য পটুয়াখালীতে রেফার করা হয়েছে বলে তিনি জানিয়েছেন। তিনি আরও জানান, গলাচিপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বর্তমানে ৪০ ভায়াল অ্যান্টিভেনাম মজুত রয়েছে। চিকিৎসা নিয়ে রোগীর পরিবারের কোনো অভিযোগ থাকলে তা তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকেও জানানো হয়েছে। এদিকে, সাপের কামড়ের পর অ্যান্টিভেনাম প্রয়োগের প্রয়োজনীয়তা ছিল কি না, রোগীর শারীরিক অবস্থার ভিত্তিতে চিকিৎসকের সিদ্ধান্ত যথাযথ ছিল কি না এবং হাসপাতালে সাপের কামড়ের চিকিৎসার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা থাকা সত্ত্বেও কেন অ্যান্টিভেনাম দেওয়া হয়নি এসব বিষয় তদন্তের মাধ্যমে পরিষ্কার করার দাবি জানিয়েছেন নিহতের পরিবার ও স্থানীয়রা।

এখনো খোঁজ মেলেনি

তলিয়ে যান বলে স্থানীয়রা জানান। বিষয়টি জানাজানি হলে স্থানীয়রা উপজেলা প্রশাসন, থানা-পুলিশ, নৌপুলিশ ও ফায়ার সার্ভিসকে খবর দেন। পরে ঘটনাস্থলে গিয়ে উদ্ধার অভিযান শুরু করে সংশ্লিষ্ট বাহিনী। দশমিনা থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. আতিকুর রহমান জানান, স্থানীয়দের কাছ থেকে পাওয়া তথ্য অনুযায়ী, ওই ব্যক্তি নদীর অপর পাড় থেকে সাঁতরে এপারে আসার চেষ্টা করার সময় মাঝ নদীতে তলিয়ে যান। তাকে উদ্ধারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। দীর্ঘ সময় পার হলেও তার সন্ধান পাওয়া যায়নি। উদ্ধার অভিযান অব্যাহত রয়েছে। দশমিনা নৌপুলিশ ফাঁড়ির ইনচার্জ মো. ফেরদৌস জানান, শুক্রবার সকাল সাড়ে ১০টার দিকে খবর পাওয়ার পর নৌপুলিশ ঘটনাস্থলে পৌঁছে। পরে ফায়ার সার্ভিস ও থানা-পুলিশের সঙ্গে সমন্বয় করে নদীতে অনুসন্ধান কার্যক্রম শুরু করা হয়। নিখোঁজ ব্যক্তির সন্ধানে অভিযান চলমান রয়েছে। দশমিনা ফায়ার সার্ভিসের পক্ষ থেকেও জানানো হয়েছে, নিখোঁজ ব্যক্তিকে উদ্ধারে নদীতে অনুসন্ধান চালানো হচ্ছে। অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে সমন্বয় করে উদ্ধার অভিযান অব্যাহত রয়েছে। এদিকে নিখোঁজ ব্যক্তির পরিচয় এখনো শনাক্ত করা সম্ভব হয়নি। স্থানীয় কয়েকজনের দাবি, ওই ব্যক্তির বয়স আনুমানিক ৪৫ বছর হতে পারে। তার আচরণ ও চলাফেরা দেখে কেউ কেউ তাকে মানসিক ভারসাম্যহীন বলে ধারণা করছেন। তবে এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পক্ষ থেকে এখনো কোনো নিশ্চিত তথ্য পাওয়া যায়নি। ঘটনাস্থল পরিদর্শন ও নিখোঁজ ব্যক্তির সন্ধানে আসা কয়েকজন স্থানীয় বাসিন্দার দীর্ঘ সময় ধরে অভিযান চলার পরও কোনো সন্ধান না পাওয়ায় নানা প্রশ্ন তুলেছেন তারা। কেউ কেউ ঘটনাটির সত্যতা নিয়েও সন্দেহ প্রকাশ করেছেন। তবে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও ফায়ার সার্ভিসের উদ্ধার অভিযান অব্যাহত রয়েছে। অন্যদিকে, নিখোঁজের ওই স্থানে নদীর তীরবর্তী এলাকায় একটি সাদা পাঞ্জাবি পাওয়া গেছে। পাঞ্জাবিটি নিখোঁজ ব্যক্তির কি না, তা এখনো নিশ্চিত হওয়া যায়নি। এ ঘটনায় নিখোঁজ ব্যক্তির পরিচয়, তিনি কীভাবে নদীতে তলিয়ে গেলেন এবং তার পরিণতি কী হয়েছে, এসব বিষয় নিয়ে স্থানীয়দের মধ্যে কৌতূহল ও উদ্বেগ বিরাজ করছে। সর্বশেষ তথ্য অনুযায়ী, নিখোঁজ ব্যক্তির পরিচয় শনাক্ত করা সম্ভব হয়নি এবং তাকে উদ্ধারে সংশ্লিষ্ট বাহিনীরা অব্যাহত রেখে বলে জানিয়েছে নৌ পুলিশ।

দুই মাসেও হয়নি সেতু নির্মাণ

এতে ট্রাকচালক মো. নাইম (২৫) নিহত হন এবং তাঁর সহকারী মো. আল আমিন (১২) গুরুতর আহত হন। দুর্ঘটনার পর থেকেই সেতুটির ওপর দিয়ে যানবাহন চলাচল বন্ধ রয়েছে। সেতু ভেঙে যাওয়ার পর স্থানীয় বাসিন্দারা নিজেদের উদ্যোগে সুপারি গাছ ও বাঁশ দিয়ে একটি অস্থায়ী সাঁকো তৈরি করেছেন। বর্তমানে ওই ঝুঁকিপূর্ণ সাঁকোটিই দুই ইউনিয়নের মানুষের পারাপারের একমাত্র ভরসা। প্রতিদিন শিক্ষার্থী, শিশু, বৃদ্ধ ও অসুস্থ রোগীদের এই সাঁকো দিয়ে চলাচল করতে হচ্ছে। বর্ষা মৌসুমে সাঁকোটি আরও ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে বলে জানিয়েছেন স্থানীয়রা। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, নির্মাণের প্রায় এক যুগ পর থেকেই সেতুটি জরাজীর্ণ অবস্থায় ছিল। দীর্ঘদিন ধরে সংস্কার কিংবা নতুন সেতু নির্মাণের দাবি জানানো হলেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কার্যকর কোনো উদ্যোগ নেয়নি। একপর্যায়ে ঝুঁকিপূর্ণ অবস্থাতেই বালুবাহী ট্রাক পারাপারের সময় সেতুটি ভেঙে পড়ে। সেতুটি রমাগঞ্জ ও ধলীগৌরনগর ইউনিয়নের মানুষের যোগাযোগের অন্যতম গুরুত্বপূর্ণ মাধ্যম। এটি ভেঙে পড়ায় কৃষিপণ্য পরিবহন, শিক্ষার্থীদের বিদ্যালয়ে যাতায়াত, রোগীদের হাসপাতালে নেওয়া এবং স্থানীয়দের দৈনন্দিন চলাচলে ব্যাপক সমস্যা দেখা দিয়েছে। স্থানীয় বাসিন্দা মাওলানা মো. ইয়াছিন, মো. ফয়েজ উল্যাহ, মো. লোকমান, আবু মিয়া, মো. বাবুল, মো. শামীম মাস্টার, মো. জাবের, মো. জসীম ও মো. মোসলেহ উদ্দিনসহ অনেকে দ্রুত নতুন সেতু নির্মাণের দাবি জানিয়েছেন। স্থানীয়রা জানান, বেতুয়া খালের ওপর সেতুটি ২০০৩ সালে নির্মাণ করা হয়। সেতুটি সাবেক মন্ত্রী, সাবেক স্পিকার ও বীর মুক্তিযোদ্ধা মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদের গ্রামের বাড়ির কাছাকাছি এলাকায় অবস্থিত। এ বিষয়ে লালমোহন উপজেলা স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) প্রকৌশলী মো. তানজিলুর রহমান বলেন, "সেতুটি পুনর্নির্মাণের জন্য মাটি পরীক্ষা (সয়েল টেস্ট) করতে কয়েকটি প্রতিষ্ঠানের সঙ্গে আলোচনা চলছে। সয়েল টেস্ট সম্পন্ন হওয়ার পর নকশা তৈরি করে জমা দেওয়া হবে। এরপর নির্মাণ ব্যয় নির্ধারণ করা হবে। আশা করছি, সর্বোচ্চ ১৫ দিনের মধ্যে সয়েল টেস্টের কাজ শুরু করা সম্ভব হবে।" স্থানীয়দের দাবি, সয়েল টেস্ট ও নকশা তৈরির প্রক্রিয়া দ্রুত শেষ করে সেতু নির্মাণের কাজ শুরু করতে হবে। পাশাপাশি নতুন সেতু নির্মাণ না হওয়া পর্যন্ত ঝুঁকিপূর্ণ সাঁকোর পরিবর্তে নিরাপদ ও টেকসই বিকল্প পারাপারের ব্যবস্থা করারও দাবি জানিয়েছেন তারা।

পিরোজপুরে দলিল লেখক

সহসভাপতি ও বরিশাল বিভাগের উপদেষ্টা মো. জাকির হোসেন মিনু। সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ দলিল লেখক সমিতির কেন্দ্রীয় যুগ্ম মহাসচিব, বরিশাল বিভাগীয় সাধারণ সম্পাদক ও পিরোজপুর জেলা শাখার সভাপতি মো. মিজানুর রহমান। অনুষ্ঠান সঞ্চালনা করেন বাংলাদেশ দলিল লেখক সমিতির যুগ্ম মহাসচিব, বরিশাল বিভাগীয় সাংগঠনিক সম্পাদক ও পিরোজপুর জেলা শাখার সাধারণ সম্পাদক মো. মুকুলে আজম লিটন। সভায় বক্তারা বলেন, দলিল লেখকেরা দীর্ঘদিন ধরে নানা সমস্যার মধ্য দিয়ে পেশাগত দায়িত্ব পালন করে আসছেন। রেজিস্ট্রেশন পদ্ধতি আধুনিকায়নের পাশাপাশি দলিল লেখকদের পেশাগত অধিকার ও মর্যাদা নিশ্চিত করতে হবে। সংগঠনের ৭ দফা দাবি বাস্তবায়নে ঐক্যবদ্ধভাবে কাজ করার ওপরও গুরুত্বারোপ করেন তারা। সভায় মো. মিজানুর রহমান দলিল লেখক সমিতির ৭ দফা দাবি তুলে ধরেন। দাবিগুলো হলো- ১. পেশা সুরক্ষা: দলিল রেজিস্ট্রেশন পদ্ধতি আধুনিকায়নের নামে দলিল লেখকদের পেশাচ্যুত করা যাবে না। ২. সম্মানী বৃদ্ধি: দলিলপ্রতি ন্যূনতম ৪ হাজার টাকা সম্মানী ভাতা নিশ্চিত করতে হবে। ৩. একচেটিয়া অধিকার: লাইসেন্সপ্রাপ্ত দলিল লেখক ছাড়া অন্য কেউ দলিল লিখতে বা মুসাবিদা করতে পারবেন না মর্মে প্রজ্ঞাপন জারি করতে হবে। ৪. সুযোগ-সুবিধা: থানা ও জেলা কার্যালয়ে সরকারি খরচে দলিল লেখকদের বসার স্থান ও নামাজের স্থান নির্মাণ করে দিতে হবে। ৫. আইনি সুরক্ষা: মক্কেল বা পক্ষগণের সরবরাহ করা কাগজপত্রের ভিত্তিতে দলিল লেখার কারণে মুসাবিদাকারক হিসেবে দলিল লেখকদের কোনো মামলায় আসামি করা যাবে না। ৬. লাইসেন্স প্রদান: দলিল লেখক সমিতির থানা ও জেলা কমিটির সুপারিশ ছাড়া কোনো অনভিজ্ঞ ব্যক্তিকে নতুন লাইসেন্স দেওয়া যাবে না। ৭. কাউন্সিল গঠন: স্বতন্ত্র একটি 'দলিল লেখক কাউন্সিল' গঠনের অনুমতি দিতে হবে। বক্তারা বলেন, দলিল লেখকদের পেশাগত নিরাপত্তা ও অধিকার নিশ্চিত করতে এসব দাবি দ্রুত বাস্তবায়ন করা প্রয়োজন।

হারিয়েছে

আমার ঠিকাদারি প্রতিষ্ঠানের দুইটি লাইসেন্স এর কাগজপত্র হারিয়েছে। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ঠিকাদারি লাইসেন্স নং-১৪৪৪, বহি নম্বর-৭১০৭১ এবং সড়ক ও জনপদ বিভাগের লাইসেন্সের নিবন্ধন নং-১১৪। বরিশাল কোতোয়ালি মডেল থানায় সাধারণ ডায়রি নং-১০৬১, তারিখ : ১৭/০৯/২০২৪

কাজী মনজুর হোসেন
কাজী ট্রেড কর্পোরেশন
বরিশাল

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ রবিবার ॥ ০৯ আগস্ট ২০২৬ ॥ ২৫ শ্রাবণ ১৪৩৩

ভারত-চীনের ওপর ১০০ শতাংশ শুল্ক আরোপের বিল পাস যুক্তরাষ্ট্রের সিনেটে

কীর্তনখোলা ডেস্ক

রাশিয়া থেকে জ্বালানি তেল ক্রয়ের অভিযোগে ভারত ও চীনসহ অন্তত ৫টি দেশের ওপর ১০০ শতাংশ শুল্ক আরোপের পথ সুগম হচ্ছে যুক্তরাষ্ট্রের। শুক্রবার মার্কিন পার্লামেন্ট কংগ্রেসের উচ্চকক্ষ সিনেটে এ সংক্রান্ত একটি ৩ এর পাতায় দেখুন

গাজায় 'যুদ্ধবিরতির' পরও ১২০০ ফিলিস্তিনিকে হত্যা করেছে ইসরায়েল

কীর্তনখোলা ডেস্ক

এ যেন নামেই যুদ্ধবিরতি! গাজায় প্রায় প্রতিদিনই চলছে ইসরায়েলি দখলদারদের বর্বরোচিত তাণ্ডব। রোজ ঝরছে নিরীহ ফিলিস্তিনিদের প্রাণ। গাজার স্বাস্থ্য মন্ত্রণালয়ের হিসাবে, গত ৪৮ ঘণ্টায় অবরুদ্ধ উপত্যকার ৩ এর পাতায় দেখুন

বরিশাল মেট্রোপলিটন পুলিশের নবনিযুক্ত কমিশনার আবু রায়হান মুহাম্মদ সালেহকে ফুলেল শুভেচ্ছা জানান সদর উপজেলা বিএনপির নেতৃবৃন্দ -কীর্তনখোলা

আজ বাকেরগঞ্জের ১১ ইউপিতে প্রশাসক নিয়োগ

বাকেরগঞ্জ প্রতিনিধি

বরিশালের বাকেরগঞ্জ উপজেলার ১১টি ইউনিয়ন পরিষদের (ইউপি) মেয়াদ উত্তীর্ণ হওয়ায় পরিষদগুলোর কার্যক্রম স্বাভাবিক রাখতে প্রশাসক নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মিলটন চন্দ্র পাল এ সংক্রান্ত একটি প্রস্তাবনা চূড়ান্ত করে জেলা প্রশাসনের অনুমোদনের জন্য পাঠিয়েছেন। প্রস্তাবটি বর্তমানে জেলা প্রশাসক কার্যালয়ের চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় রয়েছে। উপজেলা প্রশাসন সূত্রে জানা যায়, বাকেরগঞ্জের মোট ১৪টি ইউনিয়ন পরিষদের মধ্যে ১১টির মেয়াদ সম্প্রতি শেষ হয়েছে। আইন অনুযায়ী মেয়াদোত্তীর্ণ পরিষদে স্থানীয় জনগণের নাগরিক সেবা ও সার্বিক উন্নয়নমূলক কর্মকাণ্ড সচল রাখা জরুরি। ৩ এর পাতায় দেখুন

অবশেষে কলাপাড়া হাসপাতালে চালু হলো সিজারিয়ান অপারেশন

কলাপাড়া প্রতিনিধি

টানা দেড় বছর বন্ধ থাকার পর পটুয়াখালীর কলাপাড়া ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালে পুনরায় চালু হয়েছে সিজারিয়ান অপারেশন কার্যক্রম। এতে উপকূলীয় জনপদের গর্ভবতী নারী ও তাদের পরিবারের মধ্যে স্বস্তি ফিরেছে। শনিবার (৮ আগস্ট) বেলা ১১টার দিকে ফিতা কেটে এ কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন পটুয়াখালী-৪ (কলাপাড়া-রাঙ্গাবালী) আসনের সংসদ সদস্য এবিএম মোশাররফ হোসেন। এ সময় উপস্থিত ছিলেন কলাপাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আরিফুজ্জামান, উপজেলা বিএনপির সভাপতি হাজী হুমায়ুন সিকদার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা ৩ এর পাতায় দেখুন

ভোলায় চালুর ৮ মাসেই স্টেডিয়ামের বেহাল দশা, ব্যবহারের অনুপযোগী ক্রিকেট পিচ

ভোলা প্রতিনিধি

ভোলায় অর্ধশত কোটি টাকা ব্যয়ে আধুনিকায়ণ করা হয় গজনবী স্টেডিয়াম। তবে এটি নির্মাণে নিম্নমানের নির্মাণসামগ্রী ব্যবহারের অভিযোগ উঠেছে। উদ্বোধনের আট মাস না পেরোতেই ভবন, গ্যালারি ও ক্রিকেট পিচে বিভিন্ন ত্রুটি দেখা দিয়েছে। রক্ষণাবেক্ষণের অভাব আর টানা বর্ষণে ক্রিকেট পিচ এখন খেলার অনুপযোগী হয়ে পড়েছে। এতে ক্ষোভ আর অসন্তোষ বিরাজ করছে ক্রিকেটারদের মধ্যে। জানা গেছে, এক সময় জেলার ক্রীড়াঙ্গনের প্রাণকেন্দ্র ছিল ভোলা গজনবী স্টেডিয়াম। আধুনিকায়নের পর নতুন রূপ পাওয়ায় খেলোয়াড়দের মাঝে ফিরে ৩ এর পাতায় দেখুন

সড়ক নির্মাণ শেষে না হতেই খসে পড়ে যান চলাচল বন্ধ

আমতলী প্রতিনিধি

বরগুনার আমতলীতে কাজের অনিয়মের কারনে শুক্রবার আমতলী উপজেলার আমতলী-গাজীপুর আঞ্চলিক সড়কের কালিবাড়ী এলাকার অন্তত দুই'শ মিটার সড়ক চালিতাবুনিয়া খালে ধসে পরেছে। এতে যান চলাচল বন্ধ হয়ে গেছে। ভোগান্তিতে পরেছে ওই সড়ক চলাচলরত অন্তত কয়েক হাজার মানুষ। ঠিকাদারের কার্যাদেশ অনুসারে কাজ না করা, নিম্নমানের নির্মাণ সামগ্রী ব্যবহার এবং অনিয়মের কারণে এ অবস্থা হয়েছে বলে অভিযোগ স্থানীয়দের। দ্রুত তদন্ত করে ঠিকাদার ও তদারকি কর্মকর্তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার দাবী তাদের। জানাগেছে, আমতলী-গাজীপুর ১৫ কিলোমিটার আঞ্চলিক সড়ক। ২০২৩-২৪ অর্থ বছরে আমতলী ৩ এর পাতায় দেখুন

ফ্যামিলি কার্ড তথ্য সংগ্রহকারির তালিকায় সাজাপ্রাপ্ত ব্যক্তি

বাউফল প্রতিনিধি

পটুয়াখালী জেলায় বাউফল উপজেলার বগা ইউনিয়নের ফ্যামিলি কার্ডের তথ্য সংগ্রহ কারির নিয়োগে চূড়ান্ত তালিকায় মাদক মামলায় সাজাপ্রাপ্ত এক ব্যক্তির নাম অন্তর্ভুক্ত হওয়ায় এলাকায় ব্যাপক আলোচনা-সমালোচনার সৃষ্টি হয়েছে। তালিকা অনুযায়ী, বগা ইউনিয়নের সাবুপুরা গ্রামের কামাল হোসেনের ছেলে মাসুম হাওলাদার (ইউনিয়ন ছাত্রদলের সহ-সভাপতি) ২০২৪ সালে পটুয়াখালী আদালতে একটি মাদক মামলায় পাঁচ বছরের সাজাপ্রাপ্ত হন। পরে তিনি উচ্চ আদালত থেকে জামিনে মুক্তি ৩ এর পাতায় দেখুন

পিরোজপুরে দলিল লেখক সমিতির ৭ দফা দাবি

পিরোজপুর প্রতিনিধি

বাংলাদেশ দলিল লেখক সমিতির ৭ দফা দাবি বাস্তবায়নের লক্ষ্যে পিরোজপুরে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় দলিল লেখকদের বিভিন্ন সমস্যা তুলে ধরে দ্রুত দাবি বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যকর পদক্ষেপ কামনা করা হয়। শনিবার (৮ আগস্ট) সকাল ১০টায় পিরোজপুর শহরের নাইয়োরি হোটেল অ্যান্ড রেস্টুরেন্টে বাংলাদেশ দলিল লেখক সমিতি, পিরোজপুর জেলা শাখার উদ্যোগে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ দলিল লেখক সমিতির সিনিয়র যুগ্ম মহাসচিব ও বরিশাল বিভাগীয় সভাপতি মো. আমিনুল ইসলাম আখন্দ। প্রধান বক্তা ছিলেন সংগঠনের কেন্দ্রীয় কমিটির ৩ এর পাতায় দেখুন

এখনো খোঁজ মেলেনি তেঁতুলিয়ায় নিখোঁজ যুবকের

দশমিনা প্রতিনিধি

দশমিনা উপজেলার তেঁতুলিয়া নদীতে সাঁতরে এক পাড় থেকে অন্য পাড়ে যাওয়ার সময় অজ্ঞাতপরিচয় এক যুবক নিখোঁজ হয়েছেন। শুক্রবার (৭ আগস্ট) সকাল সাড়ে ১০টার দিকে উপজেলার সদর ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের কেদীর হাট ও হাজীর হাট মাছ বরাবর দশমিনা বাজারে ভয়ে আসা খাল ও তেঁতুলিয়া নদীতে এ ঘটনা ঘটে। নিখোঁজ ব্যক্তিকে উদ্ধারে দশমিনা থানা-পুলিশ, নৌপুলিশ ও ফায়ার সার্ভিসের বিশেষ টিম যৌথভাবে নদীতে অনুসন্ধান চালিয়ে যাচ্ছে। স্থানীয় সূত্রে জানা যায়, শুক্রবার সকালে কেদির হাটসংলগ্ন তেঁতুলিয়া নদীর তীরবর্তী ওই এলাকায় এক ব্যক্তি নদী সাঁতরে পার হওয়ার চেষ্টা করছিলেন। নদীতে প্রবল স্রোত থাকায় মাঝ নদীতে পৌঁছানোর পর তিনি পানিতে ৩ এর পাতায় দেখুন

দুই জেলায় কোস্ট গার্ডের অভিযান, ইয়াবাসহ আটক দুই

কীর্তনখোলা রিপোর্ট

ভোলা ও বরগুনায় পৃথক দুটি অভিযান চালিয়ে ১২৯ পিস ইয়াবাসহ দুই ব্যক্তিকে আটক করেছে বাংলাদেশ কোস্ট গার্ড। শুক্রবার (৭ আগস্ট) সন্ধ্যা ও রাতে লালমোহন এবং পাথরঘাটায় এসব অভিযান চালানো হয়। কোস্ট গার্ড দক্ষিণ জোন সূত্রে জানা যায়, শুক্রবার সন্ধ্যা ৭টার দিকে বরগুনার পাথরঘাটা থানার কাঁঠালতলী বাসস্ট্যান্ড সংলগ্ন এলাকায় গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায় কোস্ট গার্ড স্টেশন পাথরঘাটা। এ সময় সন্দেহভাজন এক ব্যক্তিকে তল্লাশি করে ৮১ পিস ইয়াবা উদ্ধার করা হয়। যার ৩ এর পাতায় দেখুন

কলাপাড়ায় লোডশেডিংমুক্ত বিদ্যুৎ ও টেকসই সড়কের দাবিতে মানববন্ধন

কলাপাড়া প্রতিনিধি

পটুয়াখালীর কলাপাড়ায় লোডশেডিংমুক্ত নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ, মিটার ভাড়া ও ডিমান্ড চার্জ বাতিল এবং টেকসই সড়ক নির্মাণের দাবিতে মানববন্ধন ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। শনিবার (৮ আগস্ট) বেলা ১১টার দিকে পৌরশহরের মনোহরীপট্টিতে 'নাগরিক উদ্যোগ, কলাপাড়া'-এর আয়োজনে এ কর্মসূচি পালিত হয়। বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি) কলাপাড়া শাখার সম্পাদক কমরেড নাসির তালুকদারের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য দেন বাংলাদেশ ক্ষেতমজুর সমিতি কলাপাড়া উপজেলা শাখার আহ্বায়ক ও অবসরপ্রাপ্ত প্রভাষক মো. রফিকুল ইসলাম, প্রগতি পাঠাগারের আহ্বায়ক ও শিক্ষক আতাজুল ইসলাম, বাংলাদেশ কৃষক সমিতি কলাপাড়া শাখার প্রচার ও প্রকাশনা সম্পাদক নয়নাভিরাম গাঈন নয়ন এবং ব্যবসায়ী মো. নিজাম উদ্দিনসহ অন্যান্য নেতৃবৃন্দ। বক্তারা বলেন, তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য এলাকার মানুষ তাদের পৈত্রিক ভিটেমাটি ছেড়ে দিয়েছেন। কিন্তু অনেকেই এখনও ন্যায্য ক্ষতিপূরণ পাননি। এছাড়া ৩ এর পাতায় দেখুন

ফেসবুকে মারধরের ভিডিও, স্ব-প্রণোদিত হয়ে আদালতের মামলা

বরগুনা প্রতিনিধি

বরগুনার বেতাগী উপজেলায় এক কিশোরকে নির্মমভাবে মারধরের ভিডিও সামাজিক মাধ্যমে ভাইরাল হওয়ার পর স্ব-প্রণোদিত হয়ে মামলা গ্রহণ করেছেন আদালত। একই সঙ্গে ঘটনা তদন্ত করে ১৬ আগস্টের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য বেতাগী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে (ওসি) নির্দেশ দেওয়া হয়েছে। শুক্রবার (৭ আগস্ট) বিকেলে বেতাগী আমলি আদালতের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ও দ্রুত বিচার আদালতের বিচারক ৩ এর পাতায় দেখুন

সাপে কামড়ের অ্যান্টিভেনাম না দিয়ে রেফার, পথে বিএনপি নেতার মৃত্যু

গলাচিপা প্রতিনিধি

পটুয়াখালীর গলাচিপায় সাপের কামড়ে জাকির মৃধা (৪৫) নামে এক বিএনপি নেতার মৃত্যু হয়েছে। পরিবারের অভিযোগ, সাপের কামড়ের পর তাকে গলাচিপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলেও অ্যান্টিভেনাম না দিয়ে পটুয়াখালীতে রেফার করা হয়। পরে অ্যাম্বুলেন্সে পটুয়াখালী নেওয়ার পথে তার মৃত্যু হয়। নিহত জাকির মৃধা গলাচিপা সদর ইউনিয়নের কালিকাপুর গ্রামের মৃধা বাড়ির মো. ফজলুল করিম মৃধার ছেলে। তিনি সদর ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক ছিলেন। পরিবার সূত্রে জানা যায়, শনিবার (৮ আগস্ট) সকাল সাড়ে ৭টার দিকে নিজ ঘরে বসে চা খাওয়ার সময় ৩ এর পাতায় দেখুন

দুই মাসেও হয়নি সেতু নির্মাণ দুর্ভোগে দুই ইউনিয়নের মানুষ

লালমোহন প্রতিনিধি

ভোলার লালমোহন উপজেলার রমাগঞ্জ ইউনিয়নের বেতুয়া খালের ওপর নির্মিত প্রায় ৫০ মিটার দীর্ঘ লোহার সেতুটি ভেঙে পড়ার দুই মাস পার হলেও এখনো পুনর্নির্মাণের কাজ শুরু হয়নি। একই সঙ্গে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পক্ষ থেকে কোনো কার্যকর বিকল্প যাতায়াতের ব্যবস্থাও করা হয়নি। এতে রমাগঞ্জ ও ধলীগৌরনগর ইউনিয়নের অন্তত পাঁচ গ্রামের লক্ষাধিক মানুষ চরম দুর্ভোগে পড়েছেন। গত ২৩ জুন বালুবাহী একটি ট্রাক জরাজীর্ণ সেতুটির ওপর দিয়ে যাওয়ার সময় হঠাৎ সেতুটি ভেঙে খালে পড়ে যায়। ৩ এর পাতায় দেখুন

রাজাপুরে ইয়াবাসহ তিন মাদক কারবারি আটক

রাজাপুর প্রতিনিধি

ঝালকাঠির রাজাপুরে পৃথক অভিযান চালিয়ে তিন মাদক কারবারিকে আটক করেছে পুলিশ। এ সময় তাঁদের কাছ থেকে ২২ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়েছে। শুক্রবার রাতে উপজেলার বড়ইয়া ইউনিয়নের আদাখোলা ও গালুয়া ইউনিয়নের সোনালীমোড় এলাকায় অভিযান দুটি পরিচালনা করা হয়। আটক ব্যক্তিরা হলেন বড়ইয়া ইউনিয়নের আদাখোলা এলাকার মো. সেলিম হাওলাদারের ছেলে মো. হাসান হাওলাদার (১৯), একই এলাকার মো. নজরুল ইসলামের ছেলে মো. মেহেদী হাসান (২৩) এবং গালুয়া ইউনিয়নের পুটিয়াখালী এলাকার মো. সরোয়ার হোসেনের ছেলে মো. আওলাদ হোসেন (১৯)। পুলিশ সূত্রে জানা গেছে, গোপন ৩ এর পাতায় দেখুন

শিশু ধর্ষণের চেষ্টাকালে যুবক আটক, পুলিশে সোপর্দ

দুমকি প্রতিনিধি

পটুয়াখালীর দুমকিতে শিশুকে ধর্ষণের চেষ্টাকালে সোহাগ হাওলাদার (৩০) নামের এক যুবককে হাতেনাতে আটক করে পুলিশে সোপর্দ করেছে স্থানীয় জনতা। শনিবার (৮ আগস্ট) দুপুরের দিকে উপজেলার পাংগাশিয়া ইউনিয়ন এলাকায় এ ঘটনা ঘটে। আটক সোহাগ উপজেলার দক্ষিণ পাংগাশিয়া এলাকার ৩ এর পাতায় দেখুন

বৃষ্টিতে জলাবদ্ধতা, পানিবন্দি হাজারো পরিবার

বেতাগী প্রতিনিধি

টানা বৃষ্টিতে বরগুনার বেতাগী উপজেলার নিম্নাঞ্চলে জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। এতে উপজেলা ও পৌর শহরে পাঁচ শতাধিক পরিবার পানিবন্দি হয়ে পড়েছে। বসতবাড়ির উঠান, রান্নাঘর ও সড়ক পানিতে তলিয়ে গেছে। এতে দুর্ভোগে পড়েছে স্থানীয়রা। পানি নিষ্কাশনের ব্যবস্থা না থাকায় বৃষ্টির পানি দ্রুত নামছে না বলে অভিযোগ ভুক্তভোগীদের। সরেজমিনে দেখা গেছে, গত কয়েক দিনের টানা বৃষ্টিতে উপজেলার বিভিন্ন ইউনিয়ন ও পৌর এলাকার নিচু স্থানগুলোতে পানি জমে রয়েছে। কোথাও কোথাও হাঁটুসমান পানি জমে থাকায় স্বাভাবিক চলাচল ব্যাহত হচ্ছে। অনেক পরিবারের সদস্যদের ঘর থেকে বের হতে হলে পানির মধ্য দিয়েই চলাচল করতে হচ্ছে। এতে সবচেয়ে বেশি দুর্ভোগে পড়েছেন শিশু, নারী ও বয়স্করা। পানিবন্দি এলাকার বাসিন্দা বেতাগী পৌরসভার ৫ নম্বর ওয়ার্ডের সৈয়দ মো. দেলোয়ার হোসেন বলেন , 'রাস্তা সংস্কারের সময় পরিকল্পিত কোন ড্রেনেজ রাখা হয়নি। এটা বেতাগী পৌরসভার নির্বাহী প্রকৌশলী মো. জসিম উদ্দিনের ভুলের কারণে দুর্ভোগ পোহাচ্ছে ৩ এর পাতায় দেখুন

চাঁদা না পেয়ে ভিটি দখলের অভিযোগ বিএনপি নেতাদের বিরুদ্ধে

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের গৌরনদীতে দাবীকৃত দুই লাখ টাকা চাঁদা না পেয়ে ফল ব্যবসায়ী জালাল রাঢ়ীর ডিসিআর করা চান্দিনা ভিটি দখল করে বাঁশের বেড়া দিয়ে রাখার অভিযোগ উঠেছে মাহিলাড়া ইউনিয়ন বিএনপির তিন নেতার বিরুদ্ধে। এ ঘটনায় ব্যবসায়ীর স্ত্রী সিমা বেগম বাদি হয়ে মাহিলাড়া ইউনিয়ন বিএনপির আহ্বায়ক সজল সরকার, উপজেলা ছাত্রদলের সাবেক সভাপতি জাফর ইকবাল, উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক বায়েজিদ সরদারকে অভিযুক্ত করে গৌরনদী মডেল থানায় একটি লিখিত অভিযোগ করেছেন। ব্যবসায়ীর স্ত্রী সিমা বেগম বলেন, আমার স্বামী জালাল রাঢ়ী গত ১৫ বছর আগে উপজেলা ভূমি অফিস থেকে ডিসিআর (লিজ) নিয়ে মাহিলাড়া বাজারের একটি চান্দিনা ভিটিতে গোডাউন নির্মাণ করে ভোগদখল করে আসছিলেন। সরকারি বিধিমোতাবেক প্রতিবছরই ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বারঃ
এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স
শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে
বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য:
০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বারঃ
মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ
কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য:
০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসাঃ বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution,
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com